আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বর্ষ ৪৭ সংখ্যা ১০ কলকাতা বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৬ আশ্বিন ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

## ভারতীয় রেলে ৩৪৭৭ গ্র্যাজুয়েট

স্নাতক যোগ্যতায় বিভিন্ন পদে দেশ জুড়ে ৩,৪৭৭ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (এনটিপিসি) নিয়োগ করা হবে কলকাতা, শিলিগুড়ি, মালদা-সহ মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৬/২০২৬।

সাধারণত নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে নিয়োগ করা হয় এই সব পদে: স্টেশন মাস্টার, গুডস ট্রেন ম্যানেজার, ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট, চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার, জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট এবং সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদের ক্ষেত্রে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দের গতিতে টাইপিং জানতে হয়। বয়স: নির্দিষ্ট তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rrbapply.gov.in অনলাইন আবেদন করা যাবে ৮ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www. rrbkolkata. gov.in (কলকাতা আরআরবি), www.rrbmalda. gov.in (মালদা আরআরবি), www. rrbsiliguri. gov.in (শিলিগুড়ি আরআরবি)।

## কেন্দ্রীয় সরকারে ৪৮০ ইঞ্জিনিয়ার

৪৮০ জন ডিগ্রি ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সার্ভিস ও সংস্থার বিভিন্ন পদে। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখার প্রার্থীরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০২৭' পরীক্ষার মাধ্যমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 02/2027-ENGG.

মোট শূন্যপদ ৪৮০টি। এর মধ্যে ১৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০২৭' পরীক্ষায় উত্তীর্ণ হলে যেসব

এরপর দুয়ের পাতায়

## গোরখপুর এইমসে অধ্যাপক

বিভিন্ন শাখায় ৬৮ জন প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে উত্তর প্রদেশের গোরখপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/GKP/RECT/FACULTY/2026-27/239

নিয়োগ করা হবে এই সব বিভাগে: অ্যানিস্থেশিয়া, বায়োকেমিস্ট্রি,

এরপর দুয়ের পাতায়

## সেন্ট্রাল পাওয়ার রিসার্চে ১০৪

১০৪ জন টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ, ইঞ্জিনিয়ারিং অফিসার, ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট ও টেকনিশিয়ান নেবে সেন্ট্রাল পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CPRI/06/2026.

শূন্যপদের বিবরণ: ইঞ্জিনিয়ারিং অফিসার গ্রেড-ওয়ান (ইলেক্ট্রিক্যাল): ৭টি (সাধারণ ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: প্রথম শ্রেণির নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই ২০২৪ বা ২০২৫ বা ২০২৬ সালের গেট পরীক্ষায় ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পত্রে পাশ করে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল): ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: প্রথম শ্রেণির নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

টেকনিশিয়ান গ্রেড ওয়ান (ইলেক্ট্রিক্যাল): ৭টি (সাধারণ ৪, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর

এরপর দুয়ের পাতায়

## কলকাতা পুলিশে ৩৯৬৯ কনস্টেবল ও লেডি কনস্টেবল

### শূন্যপদের নতুন বিন্যাস

### থমকে থাকা নিয়োগের প্রক্রিয়া শুরুর ইঙ্গিত

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা পুলিশে চলতি নিয়োগ প্রক্রিয়ার অন্তর্গত কনস্টেবল ও লেডি কনস্টেবলের মোট ৩,৯৬৯টি শূন্যপদের পুনর্বিন্যাস ঘটানো হল। ১৪ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের তরফে একটি বিজ্ঞপ্তি (WBPRB/NOTICE-2026/10(CONS._LC-KP-24, Dated: 14/09/2026) প্রকাশ করে ক্যাটেগরি অনুসারে শূন্যপদের নতুন বিন্যাসের কথা জানানো হয়েছে এবং এই নিয়োগ-সংক্রান্ত ২০২৫-এর ১৮ সেপ্টেম্বর তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিটি বাতিল করা হয়েছে। ওবিসি ক্যাটেগরির প্রার্থীদের জন্য রাজ্যে সংরক্ষণের হার ১৭ শতাংশ থেকে ৭ শতাংশে নামিয়ে আনা হয়েছে। তারই ফলে শূন্যপদের এই পুনর্বিন্যাস।

এই নিয়োগাভিযানে কনস্টেবলের শূন্যপদ ৩,৬২৪টি, লেডি কনস্টেবলের শূন্যপদ ৩৪৫টি।

এরপর চারের পাতায়

## অ্যাকসেঞ্চারে ফ্রেশারদের জন্য ৪০০০ চাকরি

**নিজস্ব প্রতিনিধি:** ফ্রেশার প্রার্থীদের জন্য অন্তত ৪ হাজার চাকরি রয়েছে তথ্য-প্রযুক্তি সংস্থা অ্যাকসেঞ্চারের অপারেশনস ও ডেলিভারি বিভাগে। সংস্থার এই বিভাগে সব মিলিয়ে ৭,৪০০ চাকরি রয়েছে কলকাতা-সহ বিভিন্ন শহরে। কাজের অভিজ্ঞতা নেই বা ২ বছরের অভিজ্ঞতা রয়েছে, এমন প্রার্থীরা ৪ হাজার শূন্যপদে আবেদন করতে পারেন। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে। বাকি শূন্যপদগুলি ২ বছরের বেশি অভিজ্ঞতাসম্পন্নদের জন্য। তবে ফ্রেশারদের ক্ষেত্রেও অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে সুবিধা হবে। নিয়োগ হবে প্রধানত বিজনেস অ্যাডভাইজারি নিউ অ্যাসোসিয়েট, কাস্টমার সার্ভিস নিউ অ্যাসোসিয়েট, ইনবাউন্ড সেলস রিপ্রেজেন্টেটিভ অ্যাসোসিয়েট-ভয়েস, বিজনেস অ্যাডভাইজারি অ্যাসোসিয়েট পদে। অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.accenture.com/in-en/careers/life-at-accenture/entry-level ওয়েবসাইটের এক্সপ্লোর রোলস-এ ক্লিক করবেন।

## চেন্নাই পেট্রোলিয়ামে ইঞ্জিনিয়ার

জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর পদে ৬০ জনকে নিয়োগ করবে চেন্নাই পেট্রোলিয়াম কর্পোরেশন। নিয়োগ করা হবে প্রোডাকশন, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01 of 2026-CPCL/ HRD:03:055.

শূন্যপদের বিবরণ: জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর (প্রোডাকশন): ৪০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৫, ওবিসি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোলিয়াম বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল টেকনোলজিতে ৩ বছরের ডিপ্লোমা। অথবা অন্যতম প্রধান বিষয় হিসেবে কেমিস্ট্রি-সহ বি এসসি। মোট অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ নম্বর) পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর (মেকানিক্যাল): ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫

এরপর চারের পাতায়

স্বনির্ভরতার সন্ধান

## পরিবেশবান্ধব ব্যাগ উপার্জনের পথ খুলে দিচ্ছে

**পরিবেশের পক্ষে ক্ষতিকর প্লাস্টিক ব্যাগের পরিবর্তে পরিবেশবান্ধব ব্যাগ ব্যবহার করা হচ্ছে পৃথিবী জুড়ে। প্লাস্টিকের বিকল্প হিসেবে উঠে আসছে নন উভেন কাপড়, কাগজ এবং পাট। প্রশিক্ষণ নিয়ে ও মেশিন কিনে বিকল্প উপাদানের ব্যাগের ব্যবসা এখন বেশ লাভজনক।**

**নিজস্ব প্রতিনিধি:** অক্টোবর থেকে শুরু হতে চলেছে শারদোৎসব। এই উৎসবের রেশ চলবে বড়দিন, নতুন বছরের আগমন, বইমেলা পর্যন্ত। এই সময় প্রায় সকলেই উৎসবের কেনাকাটা করেন নিজের জন্য, প্রিয়জনদের উপহার দিতে। আর তাতেই প্রতিটি দোকানে ক্যারিব্যাগের চাহিদা অত্যন্ত বেড়ে যায়।

ক্যারিব্যাগ হিসেবে প্লাস্টিকের ব্যাগ সস্তা ও সহজে বহনযোগ্য। কিন্তু প্লাস্টিক ব্যাগ ব্যবহারের ফলে পরিবেশের ক্ষতির কথা ভেবেই প্লাস্টিক ব্যাগের উপযুক্ত বিকল্প তৈরির পথে হাঁটছে গোটা বিশ্ব। কাগজ, নন উভেন কাপড়ের ব্যাগ, কর্ন ও পটাটো স্টার্চ থেকে তৈরি পরিবেশবান্ধব ব্যাগ, প্লাস্টিক ব্যাগের বিকল্প হিসেবে ব্যবহার করা হচ্ছে। কিন্তু এগুলির উৎপাদন এখনও



প্লাস্টিক ব্যাগকে টেক্কা দিতে পারেনি। তাই প্লাস্টিকের ব্যাগ একেবারে নির্মূল করা যাচ্ছে না।

বেকার তরুণ-তরুণীরা বা যাঁরা ব্যবসা করতে চান, এই সময় কিছুটা পুঁজি নিয়ে শুরু করে দিতে পারেন কাগজের ব্যাগ, নন উভেন কাপড়ের ব্যাগ বা কর্ন-পটাটো স্টার্চের ব্যাগ তৈরি ও বিক্রি। শুধু বইমেলা বা

এরপর বারোর পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে



# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

১টি অস্থায়ী সুইপার (মহিলা) পদের জন্য সরাসরি সাক্ষাৎকারে 6 Oct. 2026 সকাল ৯টাতে ডাকা হইতেছে। পদটি ২ বছরের জন্য ও অস্থায়ী। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম মাধ্যমিক পাশ। পারিশ্রমিক 9,000/- মাসিক। গেজেটেড অফিসারের থেকে চরিত্রের শংসাপত্র অবশ্যই আনিতে হইবে। Family Welfare Centre, Mother & Child Care Building, Ground Floor, Command Hospital (EC), Alipore, Kolkata-700 027.

□

**Business Growth Manager** Wanted For Wealth Right Investment Services LLP Kolkata I Barasat I Hooghly I Krishnanagar Experience: 2-4 Years in MFD / Insurance Agent Acquisition 70010-71943 (Call/ WhatsApp)

□

**অবসরোত্তর জীবনে MNC-র কলকাতায়** Part-Time Manager পদে কাজ। উচ্চ আয় + দ্রুত পদোন্নতি + বিদেশভ্রমণ। Salary + Bonus + PF + ESI. 40-75 HS+. Pal-90381-07790.

□

**অবসরপ্রাপ্ত 45-70 অভিজ্ঞ স্নাতক Part** Time সসম্মানে সুষ্ঠভাবে আয়ের সীমিত সুযোগে Mngr পদে আমার দায়িত্বে ভরসায় আপনি বিশ্বাস নিয়ে আসুন। চন্দ-90075-10903.

□

**Required Medical Representatives** for a Pharmaceutical Co. Experienced & fresh candidates may apply. Email: adccoltd@rediffmail.com

□

### কর্মখালি

**Require Accountant for GST/IT,** ESI, PF, Regular Accounting for an Works Contractor. Send your CV by Mail: officesp1973@gmail. com

□

**MNC needs Retd/VRS/গৃহবধূ for** Mngr. 26-73, HS+. Salary + PF + TA + Bonus + Tour. No Sales. No Target. 3hr/3day. অফিসিয়াল জব। 98361-62116.

□

**অবসরপ্রাপ্ত Bank/ গভঃ/ Pvt/ PSU/** রেল/গৃহবধূ/কর্মপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 98044-25822.

□

**বড়বাজারে ইমিটেশন জুয়েলারি** শোরুমের প্যাকিং-এর কাজের জন্য মহিলা (20-40) প্রয়োজন। M-79801-38327.

□

**কলকাতার অফিসে Aditya Group-এ** Manager পদে উপযুক্ত পুরুষ/মহিলা নিয়োগ। বয়স: 21-62, Graduate. Fixed 25K Salary + Medical + PF. Ph: 90642-69437.

□

**কোলকাতার প্রসিদ্ধ মিষ্টির দোকান** মৌচাক, কলেজ ষ্ট্রীষ্ট ব্রাঞ্চের জন্য মিষ্টির কারিগর (পাটাগড়া) চাইছে। যোগাযোগ- পার্থ চক্রবর্ত্তী, মোবাইল- 98302-49063.

□

**I want female staff for Jewellery** Showroom, Age: 25-35, Good looking, English Speaking & Basic knowledge in Computer, Salary: 10-15K, M: 98311-01931.

□

**Wanted exp. field Sales Engineer,** Service Technician for handling Air Compressor & Lady Computer Operator. sndeng2026@gmail.com

□

### কর্মখালি

**Urgent require experienced** Accountants Asst. (within 45 yrs. M/F) for Pharma Co. at Kesthopur VIP Road. Send CV in Wapp- 94330-30992.

□

**Female Asso. Prof., Philosophy,** Serampore Girls' College seeks mutual transfer with same level in any Govt-Aided College, Kol. 98310-68384.

□

**PART TIME বাড়ি বসে EBooks দেখে** হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/ Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি/নিজ স্মার্ট ফোনে টাইপ করে প্রতি সপ্তাহে আয়ের সুযোগ 82748-74519.

□


কর্মক্ষেত্রর আগামী সংখ্যার
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
২৬ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

৭ অক্টোবর কর্মক্ষেত্রর
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
৩ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা
যোগাযোগ করুন:
৮৯৬১২-৪২৬২৯


### কর্মখালি

**Solar Power Distribution Co. in** South Kolkata requires experienced Sales & Marketing professionals with solar industry background, and Accountant with Tally/GST experience. 98309-77728.

□

দক্ষিণ কলিকাতার নামী কোম্পানির অফিসে HS+ (বয়স 25-65) রিটায়ার্ড, VRS, Rail, ব্যবসায়ী, গৃহবধূ নিয়োগ (নর্থ কলি অগ্রগন্য) M-62893-91020/ কলি-75958-18323.

□

আপনার জীবনের দ্বিতীয় অধ্যায়কে দিন সম্পূর্ণ স্বাধীনতা। Retd/ VRS 35-70 yrs. আয় করুন সম্মানের সঙ্গে চাপমুক্ত, মর্যাদাপূর্ণ কাজ। M : 86172-60189/ 79801-01938.

□

**(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/** mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.


**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**



## পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


# গোরখপুর এইমসে অধ্যাপক

*প্রথম পাতার পর*

কার্ডিওলজি, কার্ডিওথোরাসিক সার্জারি, ডার্মাটোলজি, ইএনটি, ফরেন্সিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি, গ্যাসট্রোয়েন্টেরোলজি (মেডিক্যাল), জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, মেডিক্যাল অঙ্কোলজি, মাইক্রোবায়োলজি, নিওনেটোলজি, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অপথ্যালমোলজি, প্যাথোলজি, ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন, ফিজিওলজি, সাইকিয়াট্রি, পালমোনারি মেডিসিন, রেডিয়োলজি, রেডিয়োথেরাপি, সার্জিক্যাল গ্যাসট্রোয়েন্টেরোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি মেডিসিন, ইউরোলজি।

**শূন্যপদের বিন্যাস:** প্রফেসর ১৮টি, অ্যাডিশনাল প্রফেসর ৮টি, অ্যাসোসিয়েট প্রফেসর ২৪টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ১৮টি। তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১৩-১০-২০২৬ তারিখে প্রফেসর ও অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ৫৮ বছরের মধ্যে এবং অ্যাসোসিয়েট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ৫০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৬৮,৯০০-২,২০,৪০০ টাকা, অ্যাডিশনাল প্রফেসর পদের ক্ষেত্রে ১,৪৮,২০০-২,১১,৪০০ টাকা, অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে ১,৩৮,৩০০-২,০৯,২০০ টাকা ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০-১,৬৭,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে এই গুগল লিংকের মাধ্যমে: https://forms.gle/LsRQWpksNKC7DxdQ8 প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 42368584553 (Name of Account Holder: Recruitment cell, AIIMS, Gorakhpur, Name of the Bank: State Bank of India, Branch: Giridharganj, Gorakhpur-273008, IFSC: SBIN0018457) দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

১৩ অক্টোবরের মধ্যে প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: RECRUITMENT CELL, AIIMS GORAKHPUR, ADMINISTRATIVE BLOCK, KUNRAGHAT, GORAKHPUR-273008.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://aiimsgorakhpur.edu.in

# কেন্দ্রীয় সরকারে ৪৮০ ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

সার্ভিস ও সংস্থায় নিয়োগের জন্য যোগ্যতা অর্জন করবেন, সেগুলি হল:

**ক্যাটাগরি-১: সিভিল ইঞ্জিনিয়ারিং গ্রুপ-এ:** সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস। সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস (রোডস), গ্রুপ-এ (সিভিল ইঞ্জিনিয়ারিং পোস্টস)। সার্ভে অব ইন্ডিয়া গ্রুপ 'এ' সার্ভিস। এইই (সিভিল), বর্ডার রোডস ইঞ্জিনিয়ারিং সার্ভিস। এইই (কিউএস অ্যান্ড সি), এমইএস সার্ভেয়র ক্যাডার। সেন্ট্রাল ওয়াটার ইঞ্জিনিয়ারিং (গ্রুপ 'এ') সার্ভিস। ইন্ডিয়ান স্কিল ডেভেলপমেন্ট সার্ভিস। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (সিভিল)। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর্স)। ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস অব ইঞ্জিনিয়ার্স।

**ক্যাটাগরি-২: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং গ্রুপ-এ/বি:** এইই, জিএসআই ইঞ্জিনিয়ারিং সার্ভিস গ্রেড 'এ'। ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস। ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাশিওরেন্স সার্ভিস/এসএসও-২ (মেকানিক্যাল)। এইই (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল), বর্ডার রোডস ইঞ্জিনিয়ারিং সার্ভিস। ইন্ডিয়ান স্কিল ডেভেলপমেন্ট সার্ভিস। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (মেকানিক্যাল)। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর্স)। ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস অব ইঞ্জিনিয়ার্স। ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পোস্টস)। সেন্ট্রাল ওয়াটার ইঞ্জিনিয়ারিং (গ্রুপ 'এ') সার্ভিস। সেন্ট্রাল ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস । সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস গ্রেড 'এ' (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পোস্টস)।

**ক্যাটাগরি-৩: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং গ্রুপ-এ/বি:** সেন্ট্রাল ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস (ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পোস্টস)। ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস। সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস গ্রেড 'এ'। ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাশিওরেন্স সার্ভিস/এসএসও-২ (ইলেক্ট্রিক্যাল)। ইন্ডিয়ান স্কিল ডেভেলপমেন্ট সার্ভিস। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (ইলেক্ট্রিক্যাল)। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর্স)-ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পোস্টস। ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস অব ইঞ্জিনিয়ার্স। ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস (ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পোস্টস)।

**ক্যাটাগরি-৪: ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং গ্রুপ-এ/বি:** ইন্ডিয়ান রেডিও রেগুলেটরি সার্ভিস গ্রেড 'এ'। ইন্ডিয়ান টেলিকমিউনিকেশনস সার্ভিস গ্রেড 'এ'। ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ারিং পোস্টস)। ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ারিং পোস্টস)। ইন্ডিয়ান স্কিল ডেভেলপমেন্ট সার্ভিস। জুনিয়র টেলিকম অফিসার গ্রেড 'বি'। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন)। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর্স)-এস অ্যান্ড টি ইঞ্জিনিয়ারিং পোস্টস। সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস গ্রেড 'এ' (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং পোস্টস)।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের সেকশন 'এ' ও 'বি' পাশ। অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন পাশ। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট মেম্বারশিপ পরীক্ষার সেকশন 'এ' ও 'বি' বা পার্ট 'টু' ও 'থ্রি' পাশ।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা ৩১ জানুয়ারি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

লিখিত পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্তপ্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে (মেন পরীক্ষা) সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। তৃতীয় পর্যায়ে থাকবে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in ৬ অক্টোবর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো ও কালো কালিতে করা সই (উভয়ই ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে রুপে/ভিসা/মাস্টার ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৪০৪-১০০১ বা (০১১) ৪০৩০-৩৪৪৪।

# সেন্ট্রাল পাওয়ার রিসার্চে ১০৪

*প্রথম পাতার পর*

১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ট্রেডে আইটিআই সার্টিফিকেট। **বয়স:** ২৮ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট গ্রেড ওয়ান:** ৩৭টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল পাশ। ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে ২ বছরের আইটিআই সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড টু:** ২৯টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণির নম্বর-সহ বি এ বা বি এসসি বা বি কম বা বিবিএ বা বিবিএম বা বিসিএ। সেই সঙ্গে নিয়েলিট আয়োজিত বেসিক কম্পিউটার কোর্সে গ্রেড-বি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৫,৫০০-৮১,৮০০ টাকা।

**মাল্টি টাস্কিং স্টাফ গ্রেড ওয়ান (ওয়াচ অ্যান্ড ওয়ার্ড ডিউটিজ):** ১৪টি (সাধারণ ৭, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। সব ক'টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

১২-১০-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা স্কিল টেস্ট বা ট্রেড টেস্টের মাধ্যমে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cpri.res.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১২ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ইঞ্জিনিয়ারিং অফিসার ও ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১,০০০ টাকা এবং বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ৭০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বি এড কোর্স

বি এড কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। হিউম্যানিটিজ, সায়েন্স ও সোশ্যাল সায়েন্স শাখার অধীনস্থ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

আসনসংখ্যা: ১০০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ এবং ওবিসিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক (অনার্স) বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। বয়স: ৩০-৯-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বি এড ও এম এড কোর্স

বি এড ও এম এড কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। বি এড পড়ানো হবে এই সব বিষয়ে: ইংরেজি, বাংলা, সংস্কৃত, হিস্ট্রি, ফিজিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্স, জিওগ্রাফি, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, কমার্স, পলিটিক্যাল সায়েন্স, এডুকেশন। কোর্স শুরু হবে নভেম্বর থেকে।

আসনসংখ্যা: বি এড ৫০টি, এম এড ৫০টি।

শিক্ষাগত যোগ্যতা: বি এড কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। এ ছাড়াও মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর ও সায়েন্স বা ম্যাথমেটিক্স-সহ বি ই বা বি টেক বা বি সি এ বা এম সি এ ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

এম এড কোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি ও বি এড কোর্স পাশ।

বয়স: ১-৭-২০২৬ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে বি এড কোর্সের ক্ষেত্রে মেধার ভিত্তিতে। এম এড কোর্সের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার ভিত্তিতে। পরীক্ষা ১ অক্টোবর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://klyuniv.ac.in আবেদনের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর।

আবেদনের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জে ভর্তি চলছে

সোশ্যাল ওয়ার্ক এবং সাইকোলজিক্যাল কাউন্সেলিং কোর্সে ভর্তি নিচ্ছে জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ। এই প্রতিষ্ঠানটি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত।

**সোশ্যাল ওয়ার্কের স্নাতক কোর্স**

চার বছরের কোর্স। মোট আটটি সেমেস্টারে পড়ানো হয়।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক পাশ।

**কী পড়বেন:** কমিউনিটি ডেভেলপমেন্ট, পাবলিক হেল্থ, সোশিওলজি, সাইকোলজি, ইকনমিক্স, এডুকেশন সহ নানা বিষয়। ফিল্ডওয়ার্ক করানো হয় বিভিন্ন শিশুকল্যাণ সংস্থা, মানসিক স্বাস্থ্যকেন্দ্র, হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠানে।

**পড়ার খরচ:** প্রতি সেমেস্টারে ৯,৭০০ টাকা।

**সাইকোলজিক্যাল কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা**

এক বছরের সন্ধ্যাকালীন কোর্স, মোট দু'টি সেমেস্টারে পড়ানো হবে। সোম, মঙ্গল, বুধ ও শনিবার ক্লাস— প্রতি দিন বিকেল সাড়ে পাঁচটা থেকে রাত আটটা।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। আবেদনকারীর বয়স ৫৫ বছরের মধ্যে হতে হবে।

**পড়ার খরচ:** প্রতি সেমেস্টারে ১০,৮০০ টাকা।

দু'টি কোর্সেই এখন ভর্তি চলছে। ভর্তির আবেদনপত্র ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.jpinstitute.org সরাসরি প্রতিষ্ঠানের অফিসে গিয়েও আবেদনপত্র সংগ্রহ করা যাবে। যথাযথ ভাবে পূরণ করা আবেদনপত্র প্রয়োজনীয় নথিপত্রের নকল-সহ জমা দিতে হবে প্রতিষ্ঠানের অফিসে, এই ঠিকানায়: DD-18/4/1, DD Block, Sector-1, Bidhannagar, Kolkata, West Bengal 700 064. ফোন: ৯৮৩০২-৮২৯৭৯।


**INSTITUTE FOR STEEL DEVELOPMENT & GROWTH (INSDAG), Kolkata**

(An institute promoted by Ministry of Steel and Steel producers)

**REQUIRES**

**CIVIL/STRUCTURAL ENGINEERS**

Last date of receipt of application 26th October 2026

For details login to www.insdag.com


# গেট-২০২৭ পরীক্ষা ফেব্রুয়ারিতে

২০২৭ সালের গ্র্যাজুয়েট অ্যাপটিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং বা 'গেট' অনলাইন পরীক্ষা নেওয়া হবে ৬, ৭, ১৩, ১৪, ২০ ও ২১ ফেব্রুয়ারি। ২০২৭-এর 'গেট' পরীক্ষার আয়োজক মাদ্রাস ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

'গেট' পরীক্ষায় সফল হলে ভারত সরকারের শিক্ষা মন্ত্রক প্রদত্ত এবং অন্যান্য সরকারি স্কলারশিপ বা আর্থিক সহায়তা পেয়ে স্নাতকোত্তর কোর্সে ভর্তি হওয়ার সুযোগ রয়েছে। বৈধ 'গেট' স্কোর থাকলে বিভিন্ন সংস্থায় চাকরির জন্যও আবেদন করা যায়। গেট স্কোর কার্ড ৩ বছরের জন্য বৈধ থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা আর্কিটেকচার বা সায়েন্স বা কমার্স বা আর্টস বা হিউম্যানিটিজের যে-কোনও শাখায় তৃতীয় বর্ষ বা উচ্চতর বর্ষে পাঠরতরা আবেদনের যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

২০২৭-এর 'গেট' পরীক্ষা দেওয়া যাবে এই সব পত্রে (ব্র্যাকেটে কোড): অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (এ ই), এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং (এ জি), আর্কিটেকচার অ্যান্ড প্ল্যানিং (এ আর), বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং (বি এম), বায়োটেকনোলজি (বি টি), সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই), কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (সি এইচ), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (সি এস), কেমিস্ট্রি (সি ওয়াই), ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (ডি এ), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই সি), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই), এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ই এস), ইকোলজি অ্যান্ড ইভোলিউশন (ই ওয়াই), জিওমেটিক্স ইঞ্জিনিয়ারিং (জি ই), জিওলজি অ্যান্ড জিওফিজিক্স (জি জি), ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (আই এন), ম্যাথমেটিক্স (এম এ), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই), মাইনিং ইঞ্জিনিয়ারিং (এম এন), মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম টি), ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং (এন এম), পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং (পি ই), ফিজিক্স (পি এইচ), প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং (পি আই), স্ট্যাটিস্টিক্স (এস টি), ইঞ্জিনিয়ারিং সায়েন্সেস (এক্স ই), হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (এক্স এইচ), লাইফ সায়েন্সেস (এক্স এল), রোবোটিক্স অ্যান্ড অটোমেশন (আর এ)। রোবোটিক্স অ্যান্ড অটোমেশন পত্রটি এ বছর গেট পরীক্ষায় নতুন অন্তর্ভুক্ত হয়েছে।

কম্পিউটার-ভিত্তিক গেট ২০২৭ পরীক্ষা হবে দু'টি সেশনে— ফোরনুন (সকাল সাড়ে ৯টা থেকে দুপুর সাড়ে ১২টা) এবং আফটারনুন (দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা)। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল— কলকাতা, বাঁকুড়া, বহরমপুর, হুগলি, হাওড়া খড়্গপুর-মেদিনীপুর, কোলাঘাট, সিউড়ি। প্রশ্নপত্র হবে মাল্টিপল চয়েস, মাল্টিপল সিলেক্ট এবং নিউমেরিক্যাল আনসার ধরনের। পরীক্ষায় মোট ৬৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্ন হবে জেনারেল অ্যাপটিটিউড ও সংশ্লিষ্ট বিষয়ে। মোট ১০০ নম্বরের পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে। প্রার্থী ইচ্ছা করলে দু'টি পত্রের পরীক্ষাও একই সঙ্গে দিতে পারেন। সে ক্ষেত্রে পৃথক আবেদনের প্রয়োজন নেই। তবে দু'টি পত্রের জন্য নির্ধারিত ফি দিতে হবে। পরীক্ষার ফল প্রকাশিত হবে ১৯ মার্চ।

পরীক্ষায় বসার জন্য আবেদনের ক্ষেত্রে বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://gate2027.iitm.ac.in অনলাইন আবেদন করা যাবে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত। লেট ফি-সহ আবেদন করা যাবে ৫ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর ফটো, সই, সচিত্র পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট ও ডিসলেক্সিক সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

পরীক্ষার ফি ২,০০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। লেট ফি ৫০০ টাকা। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়া যাবে। পেপার কম্বিনেশন সহ খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


দামোদর ঘাটী নিগম

ডীবীসী টাবর্স, বীআঈপী রোড, কোলকাতা-700054

**DAMODAR VALLEY CORPORATION**

DVC Towers, VIP Road, Kolkata - 700054

Dtd. 01/09/2026

**RECRUITMENT NOTICE**

DVC, a statutory organisation under the Ministry of Power, GOI, invites online applications for the post of **Overman (on Contractual)** basis -

| Sl No | Name of the Post | No of Vacancies |
|---|---|---|
| 1 | Overman (Contractual) | 09 |

For details regarding the Eligibility Criteria, Selection Process, Vacancies, etc. candidates may visit Recruitment Notices under Career Section at www.dvc.gov.in

Closing date of submission of online application- 21.09.2026

Interested candidates meeting the eligibility criteria have to register ONLINE and submit the application on the DVC website only. Any further information/corrigendum/amendment, etc. in this regard shall be made available at the DVC website.

Executive Director (HR)
For & on behalf of DVC

INF&PR/Rectt/167/26-27


### কানপুর আইআইটিতে পাঁচ সপ্তাহের সার্টিফিকেট প্রোগ্রাম

**নিজস্ব প্রতিনিধি:** কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), মেশিন লার্নিং (এমএল) এবং ডিপ লার্নিং (ডিএল) তথা পাইথন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ বিষয়ে পাঁচ সপ্তাহের একটি অনলাইন সার্টিফিকেট প্রোগ্রাম আয়োজন করবে কানপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আইআইটি)। একাদশ ও দ্বাদশ শ্রেণির পড়ুয়া, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, গবেষক, শিক্ষক, শিল্পসংস্থার পেশাদার এবং গবেষণা ও উন্নয়ন বিভাগের কর্মীরা আবেদন করতে পারবেন। অভিজ্ঞ শিক্ষক ও শিল্পক্ষেত্রের বিশেষজ্ঞরা ক্লাস নেবেন। শিক্ষার্থীর অন্তত ৮০ শতাংশ উপস্থিতি থাকতেই হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কী পড়ানো হবে:** এআই/মেশিন লার্নিং, নিউরাল নেটওয়ার্ক এবং ডিপ লার্নিংয়ের আধুনিক অ্যালগরিদম ও সফটওয়্যার সম্পর্কে বিস্তারিত ধারণা দেওয়া হবে। পড়ানোর পাশাপাশি বিষয়গুলি হাতে-কলমে শেখানো হবে। থাকবে ইন্টার‌্যাক্টিভ ক্লাস।

**রেজিস্ট্রেশনের তারিখ:** গোল্ডেন রেজিস্ট্রেশন ৪ অক্টোবর, ফ্ল্যাশ রেজিস্ট্রেশন ২৫ অক্টোবর, আর্লি বার্ড রেজিস্ট্রেশন ৮ নভেম্বর, রেগুলার রেজিস্ট্রেশন ২৯ নভেম্বর এবং স্পট রেজিস্ট্রেশন ১৫ ডিসেম্বর।

**ক্লাসের মেয়াদ:** ১৪ ডিসেম্বর থেকে ১৫ জানুয়ারি।

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://www.iitk.ac.in/mwn/AIML/registration.html বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iitk.ac.in

### ভারতীয় ঐতিহ্যবাহী চিকিৎসাবিদ্যায় ফেলোশিপ



**নিজস্ব প্রতিনিধি:** ফোরাম অন ইন্ডিয়ান ট্র্যাডিশনাল মেডিসিন (এফআইটিএম) ভারতীয় ঐতিহ্যবাহী চিকিৎসা ব্যবস্থা এবং তার নীতিগত দিক নিয়ে গবেষণা করার সুযোগ দিচ্ছে। এর জন্য একটি রিসার্চ ফেলোশিপ প্রোগ্রামে আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। ডক্টরাল ফেলোশিপ এবং পোস্ট-ডক্টরাল ফেলোশিপ, দু' ধরনের ফেলোশিপ পাওয়া যাবে। কেবল ভারতীয় নাগরিকরাই আবেদন করতে পারবেন।

**আসন:** দু'টি ক্ষেত্রেই ১০টি করে আসন। এর মধ্যে আয়ুষ বিভাগে ৫টি এবং নন-আয়ুষ বিভাগে ৫টি ফেলোশিপ দেওয়া হবে।

**ফেলোশিপ:** প্রতি মাসে ডক্টরাল ফেলোরা পাবেন ৭০,০০০ টাকা এবং প্রতি মাসে পোস্ট-ডক্টরাল ফেলোরা পাবেন ৭৫,০০০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** ডক্টরাল ফেলোশিপের জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং ইউজিসি, এনসিআইএসএম বা এনসিএইচ কর্তৃক স্বীকৃত কোনও প্রতিষ্ঠানে ডক্টরাল প্রোগ্রামে নথিভুক্ত হতে হবে। পোস্ট-ডক্টরাল ফেলোশিপের জন্য ডক্টরেট ডিগ্রি থাকতে হবে। সেই সঙ্গে সিএসআইআর, আইসিএমআর, ডিবিটি-র অধীনস্থ কোনও জাতীয় প্রতিষ্ঠান বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা আয়ুষ-এর কোনও জাতীয় প্রতিষ্ঠানে পোস্ট-ডক্টরাল প্রোগ্রামে নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ডক্টরাল ফেলোশিপের জন্য ৪০ বছর এবং পোস্ট-ডক্টরাল ফেলোশিপের জন্য ৪৫ বছরের মধ্যে হতে হবে।

**আবেদন জমা দেওয়ার শেষ তারিখ:** ১১ অক্টোবর।

**আবেদনের পদ্ধতি:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://fitm.ris.org.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।


ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

**RESERVE BANK OF INDIA**

www.rbi.org.in

**ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ব্যাঙ্ক ম্যানেজমেন্ট (আইআইবিএম), গুয়াহাটি, পরিচালক নিয়োগ - 2026**

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ব্যাঙ্ক ম্যানেজমেন্ট (আইআইবিএম), গুয়াহাটির পরিচালক পদে অভিজ্ঞ ব্যাঙ্কার, বিশিষ্ট পেশাজীবী, নীতি নির্ধারক এবং শিক্ষা প্রশাসকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই নিয়োগ প্রাথমিকভাবে তিন বছরের জন্য হবে এবং সন্তোষজনক বার্ষিক পর্যালোচনা সাপেক্ষে তা পাঁচ বছর পর্যন্ত বর্ধিত করা হতে পারে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য নিয়ম এবং শর্তাবলী আরবিআই (www.rbi.org.in) এবং আইআইবিএম (www.iibm.ac.in) ওয়েবসাইটে থাকা বিজ্ঞাপনে বিশদে ব্যাখ্যায়িত আছে। যোগ্য এবং আগ্রহী আবেদনকারীগণকে তাঁদের আবেদনপত্র আইআইবিএম, গুয়াহাটির প্রাতিষ্ঠানিক ওয়েবসাইটে (https://iibm.ac.in)-এ লভ্য অনলাইন ফর্মের মাধ্যমে অক্টোবর 05, 2026 তারিখ বা তার পূর্বে জমা দিতে হবে। প্রাপ্ত আবেদনপত্রগুলির গোপনীয়তা বজায় রাখা হবে। নির্বাচন প্রক্রিয়াটি একটি সিলেকশন কমিটি (এসসি) দ্বারা পরিচালিত হবে। এসসি অসাধারণ প্রার্থীদের ক্ষেত্রে আমন্ত্রণের মাধ্যমে আবেদনপত্র আহ্বান করার অধিকার সংরক্ষণ করে।

"টাকা পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে ই-মেল/এসএমএস/ফোন পেলে ঠকবেন না।"

# গ্রিড কন্ট্রোলারে এক্সিকিউটিভ ট্রেনি

## গেট-২০২৭ উত্তীর্ণ হয়ে থাকতে হবে

ইলেক্ট্রিক্যাল ও কম্পিউটার সায়েন্স শাখায় ৫০ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে গ্রিড কন্ট্রোলার অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৭ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CC/26/2026.

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: ইলেক্ট্রিক্যাল:** ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ১টি করে শূন্যপদ সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা সমতুল সিজিপিএ-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল (পাওয়ার) বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল)-এ বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রি। সেই সঙ্গে ২০২৭ সালের গেট পরীক্ষায় ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই) পত্রে পাশ করে থাকতে হবে।

**কম্পিউটার সায়েন্স:** ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা সমতুল সিজিপিএ-সহ কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ইন্টিগ্রেটেড ডুয়াল ডিগ্রি। সেই সঙ্গে ২০২৭ সালের গেট পরীক্ষায় কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (সি এস) পত্রে পাশ করে থাকতে হবে।

উভয় ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদন করতে পারেন। সে ক্ষেত্রে ১৪ অগস্টের মধ্যে রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-৭-২০২৭ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০২৭ পরীক্ষার সংশ্লিষ্ট পত্রে প্রাপ্ত নম্বর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

আবেদনের তারিখ এখনও জানানো হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: https://grid-india.in

# এনটিএ-তে বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ

**নিজস্ব প্রতিনিধি:** সাবজেক্ট ম্যাটার এক্সপার্ট বা বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। অভিজ্ঞ শিক্ষক, গবেষক এবং শিক্ষাবিদরা আবেদন করতে পারেন এখনই।

**যোগ্যতা:** কলেজের অবসরপ্রাপ্ত ফ্যাকাল্টি সদস্য, অধ্যাপক, স্কুল-শিক্ষক।

**কী কাজ করতে হবে:** নির্ধারিত পাঠ্যক্রম অনুযায়ী জাতীয় স্তরের পরীক্ষাগুলির প্রশ্নপত্র তৈরি করতে হবে, বিভিন্ন ভারতীয় ভাষায় প্রশ্নপত্রের নির্ভুল ও যথাযথ অনুবাদ ও রূপান্তরে সাহায্য করতে হবে ইত্যাদি।

**আবেদনের শেষ তারিখ:** ৯ অক্টোবর।

**আবেদন করার পদ্ধতি:** অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nta.ac.in/। ওয়েবসাইটের হোমপেজ থেকে এমপ্যানেলমেন্ট বিভাগে যাবেন। বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# হকিন্সে ইঞ্জিনিয়ার

**ফ্রেশাররা আবেদনের যোগ্য।**

**আবেদন করতে পারেন এই সব শাখার ইঞ্জিনিয়াররা: টুল ডিজাইন ও ম্যানুফ্যাকচারিং, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, রোবটিক্স, প্রোসেস ইঞ্জিনিয়ারিং, মেশিন ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্ট ডিজাইন, মেটেরিয়াল সায়েন্স, সাপ্লাই চেন।**

**নিজস্ব প্রতিনিধি:** কারিগরি ও গবেষণা বিভাগে বেশ কিছু ইঞ্জিনিয়ার নেবে প্রেশার কুকার ও নানাবিধ কিচেন সরঞ্জাম উৎপাদক সংস্থা হকিন্স। গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট ও ডিপ্লোমাধারী ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারেন। ফ্রেশাররাও আবেদনের যোগ্য। চাকরি হবে গবেষণা ও উন্নয়ন, ম্যানুফ্যাকচারিং, কোয়ালিটি, প্রোডাকশন, মেইন্টেন্যান্স, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট প্রভৃতি বিভাগে।

আবেদন করতে পারেন এই সব শাখার ইঞ্জিনিয়াররা: টুল ডিজাইন ও ম্যানুফ্যাকচারিং, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, রোবটিক্স, প্রোসেস ইঞ্জিনিয়ারিং, মেশিন ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্ট ডিজাইন, মেটেরিয়াল সায়েন্স, সাপ্লাই চেন। প্রথমে দেড় বছরের ট্রেনিং। এ সময় ন্যূনতম বার্ষিক মাইনে ৫ লক্ষ টাকা। দক্ষতা ও অভিজ্ঞতা অনুসারে মাইনে আরও বেশি হতে পারে। ট্রেনিং শেষে বেতন বৃদ্ধি ঘটবে, পদোন্নতিও হবে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/Jobs_ViewList_MgmtTrainees_R.aspx প্রথমে ম্যানেজমেন্ট ট্রেনি ও তার পরে টেকনিক্যাল/আর অ্যান্ড ডি লিঙ্কে ক্লিক করবেন। নিয়োগ-সংক্রান্ত দরকারি নানা তথ্যের সঙ্গে অনলাইন আবেদনের লিঙ্ক পাবেন। অনলাইন ফর্মের কলমগুলি পূরণ করার পরে নির্দিষ্ট ঘরে বায়োডেটা ও ইংরেজিতে "Reasons why I am interested in joining Hawkins" শিরোনামে অনধিক ২০০ শব্দের স্বহস্তে লেখা ও স্বাক্ষরিত একটি প্রতিবেদন আপলোড করবেন।

# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় চাকরি

ইঞ্জিনিয়ার ও ডেপুটি ম্যানেজার পদে ৪৩ জনকে নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড। নিয়োগ করা হবে মেকানিক্যাল, সিভিল, ইনস্ট্রুমেন্টেশন ও ইলেক্ট্রিক্যাল শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD/Rectt./Advt./2026-27/08.

শূন্যপদের বিবরণ: **ইঞ্জিনিয়ার:** মেকানিক্যাল-পাইপিং ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ডেপুটি ম্যানেজার:** সিভিল-স্ট্রাকচারাল ৬টি। মেকানিক্যাল-এসএমইডি-১ (এসই) ৫টি। মেকানিক্যাল-এসএমইডি-টু (পিই) ২টি। মেকানিক্যাল-এসএমইডি-টু (আরই) ৩টি। ইনস্ট্রুমেন্টেশন ৫টি। সিভিল-স্ট্রাকচারাল ৩টি। মেকানিক্যাল-পাইপিং ৫টি। ইলেক্ট্রিক্যাল ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং পাশ, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

সব ক্ষেত্রেই যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৬৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-৮-২০২৬ তারিখে ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৮ বছর এবং ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রি থাকলে নিয়মানুসারে বয়সের ছাড় পাওয়া যাবে।

**বেতনক্রম:** ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা ও ডেপুটি ম্যানেজার পদের ক্ষেত্রে ৭০,০০০-২,০০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে, ইন্টারভিউ নয়াদিল্লিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.engineersindia.com

দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর। দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি— প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারতীয় সেনাবাহিনীতে দন্ত-চিকিৎসক

৩৭ জন দন্ত-চিকিৎসক নেবে ভারতীয় সেনাবাহিনী। শর্ট সার্ভিস কমিশনে আর্মি ডেন্টাল ক্যরে নিয়োগ করা হবে। যাঁরা নিট (এমডিএস)-২০২৬ পরীক্ষা দিয়েছিলেন তাঁরাই আবেদন করতে পারবেন।

**আবেদনের যোগ্যতা:** বিডিএস বা এমডিএস পাশ, সঙ্গে ৩০-৬-২০২৬ তারিখের মধ্যে কম্পালসরি রোটেটরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। এর পাশাপাশি রাজ্য ডেন্টাল কাউন্সিল বা ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ার দেওয়া অন্তত ৩১-১২-২০২৬ তারিখ পর্যন্ত বৈধ পার্মানেন্ট ডেন্টাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে। বিডিএস পাশ প্রার্থীদের ক্ষেত্রে ফাইনাল ইয়ারে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.join.afms.gov.in দরখাস্তের শেষ তারিখ ২২ অক্টোবর। বিশদ তথ্যের জন্য ২২ সেপ্টেম্বরের পর থেকে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুলিশে ৩৯৬৯ কনস্টেবল ও লেডি কনস্টেবল

*প্রথম পাতার পর*

পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের ১৪ সেপ্টেম্বর তারিখের উল্লিখিত বিজ্ঞপ্তি অনুসারে ক্যাটেগরি-ভিত্তিক কনস্টেবল ও লেডি কনস্টেবলের শূন্যপদের নতুন বিন্যাস—

১) সাধারণ: কনস্টেবল ৬৫৪, লেডি কনস্টেবল ৫৬, তফসিলি জাতি: কনস্টেবল ৩২৫, লেডি কনস্টেবল ৩২, তফসিলি উপজাতি: কনস্টেবল ৭৩, লেডি কনস্টেবল ৬, ওবিসি: কনস্টেবল ১০৯, লেডি কনস্টেবল ১১, আর্থিক ভাবে অনগ্রসর: কনস্টেবল ২৫৩, লেডি কনস্টেবল ২৪, **দক্ষ খেলোয়াড়:** কনস্টেবল ৭২, লেডি কনস্টেবল ৭।

২) **এক্সেম্পটেড ক্যাটেগরি-সাধারণ:** কনস্টেবল ৫৭৮, লেডি কনস্টেবল ৫৬, **এক্সেম্পটেড ক্যাটেগরি-তফসিলি জাতি:** কনস্টেবল ২৫৫, লেডি কনস্টেবল ২৪, **এক্সেম্পটেড ক্যাটেগরি-তফসিলি উপজাতি:** কনস্টেবল ৭৩, লেডি কনস্টেবল ৭, **এক্সেম্পটেড ক্যাটেগরি-ওবিসি:** কনস্টেবল ৭২, লেডি কনস্টেবল ৭, **এক্সেম্পটেড ক্যাটেগরি-আর্থিক ভাবে অনগ্রসর:** কনস্টেবল ১১০, লেডি কনস্টেবল ১০।

৩) **হোমগার্ড:** কনস্টেবল ৩২৬, লেডি কনস্টেবল ৩৫ (সাধারণ), কনস্টেবল ১০৮, লেডি কনস্টেবল ১১ (তফসিলি জাতি), কনস্টেবল ৩৬, লেডি কনস্টেবল ৩ (তফসিলি উপজাতি), কনস্টেবল ৩৬, লেডি কনস্টেবল ৪ (ওবিসি)।

৪) **সিভিক ভলান্টিয়ার:** কনস্টেবল ৩৬৩, লেডি কনস্টেবল ৩৫ (সাধারণ), কনস্টেবল ১০৯, লেডি কনস্টেবল ১০ (তফসিলি জাতি), কনস্টেবল ৩৬, লেডি কনস্টেবল ৪ (তফসিলি উপজাতি), কনস্টেবল ৩৬, লেডি কনস্টেবল ৩ (ওবিসি)।

# প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্টার্ন

**নিজস্ব প্রতিনিধি:** মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি (ম্যাকাউট) বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সরকারের ইলেক্ট্রনিক্স ও তথ্য-প্রযুক্তি মন্ত্রক আয়োজিত আইএসইএ প্রোজেক্ট ফেজ-৩-এর আওতায় স্টুডেন্ট ইন্টার্ন নিয়োগ করতে চলেছে। নেটওয়ার্ক সিকিউরিটি এবং আইওটি সিকিউরিটি ক্ষেত্রে কাজ করতে আগ্রহীদের অগ্রাধিকার দেওয়া হবে। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ পরিচালিত এই প্রকল্পে মোট ৫টি পদে অস্থায়ী ভিত্তিতে ইন্টার্ন নিয়োগ করা হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা সমতুল কোনও বিষয়ে এম ই, এম টেক, বি ই, বি টেক, এমসিএ বা এম এসসি কোর্সের শিক্ষার্থী হতে হবে। প্রার্থীর নিজের প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের দেওয়া নো অবজেকশন সার্টিফিকেট জমা দেওয়া বাধ্যতামূলক।

**স্টাইপেন্ড:** ২০,০০০ টাকা।

৬ অক্টোবর সকাল ১১টা থেকে ম্যাকাউটে সরাসরি ওয়াক-ইন-ইন্টারভিউ। প্রার্থীরা সাদা কাগজে লেখা আবেদনপত্র, ৩ কপি স্বপ্রত্যয়িত সিভি, পাসপোর্ট সাইজ ছবি এবং মাধ্যমিক থেকে শুরু করে যাবতীয় শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র সঙ্গে নিয়ে যাবেন। বিস্তারিত জানতে দেখুন বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: www.makautwb.ac.in

# রাজকোট এইমসে সিনিয়র রেসিডেন্ট

বিভিন্ন শাখায় ৬৪ জন সিনিয়র রেসিডেন্ট (নন-অ্যাকাডেমিক) নেবে গুজরাতের রাজকোটের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ৬ মাসের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/RJT/AS/SR/R-3/2026/3194

**নিয়োগ করা হবে এই সব বিভাগে:** অ্যানিস্থেশিয়া, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিওলজি, কার্ডিওথোরাসিক সার্জারি, কমিউনিটি অ্যান্ড ফ্যামিলি মেডিসিন, ফরেন্সিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি, জেনারেল মেডিসিন, জেনারেল সার্জারি, হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অপথ্যালমোলজি, অর্থোপেডিক্স, ইএনটি, মাইক্রোবায়োলজি, নিউরোসার্জারি, নিউক্লিয়ার মেডিসিন, পেডিয়াট্রিক্স, পেডিয়াট্রিক্স সার্জারি, প্যাথোলজি, ফিজিওলজি, রেডিয়োডায়াগনসিস, রেডিয়েশন অঙ্কোলজি, ট্রান্সফিউশন মেডিসিন অ্যান্ড ব্লাড ব্যাঙ্ক, ট্রমা অ্যান্ড ইমার্জেন্সি, ইউরোলজি।

**বয়স:** ৩-১০-২০২৬ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** ১,২৯,৯৮৪ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৮ অক্টোবর। ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছতে হবে সকাল ৯টায়।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrajkot.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩ অক্টোবর।

ফি বাবদ দিতে হবে জিএসটি-সহ ১,১৮০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে হবে না।

শিক্ষাগত যোগ্যতা-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চেন্নাই পেট্রোলিয়ামে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

শতাংশ নম্বর-সহ) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর (ইলেক্ট্রিক্যাল):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ নম্বর-সহ) ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর (ইনস্ট্রুমেন্টেশন):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ নম্বর-সহ) ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৫,০০০-১,০৫,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে অক্টোবরে, চেন্নাইয়ে। পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল অ্যাপ্টিটিউড ও ৭০ নম্বরের সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cpcl.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) ও প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# প্রকৃতির প্রতিরক্ষা কৌশল: কীটনাশক উদ্ভিদ



ফসলকে আক্রমণ করে নানা ধরনের পোকামাকড়। তাদের নিয়ন্ত্রণ করার দাওয়াই লুকিয়ে আছে প্রকৃতিতেই। অযত্নে জন্মানো ও বেড়ে ওঠা এমন অনেক গাছ রয়েছে, যেগুলির পাতা এবং কাণ্ডের নির্যাস থেকে শস্যের ক্ষতিকারক পোকামাকড়রা দূরে থাকতেই পছন্দ করে। রাসায়নিক কীটনাশকের বদলে এই ধরনের প্রাকৃতিক কীটনাশক ব্যবহার করে প্রকৃতি ও পরিবেশকে সুস্থ রাখা যায়। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা **সৌমেন্দ্রনাথ দাস**।



**করঞ্জা (পঙ্গামিয়া পিনাটা):** করঞ্জা হল পশ্চিমঙ্গের শুষ্ক এলাকায় অভিযোজিত এক বড় মাপের বৃক্ষ। গ্রামীণ এলাকায় এর কীটনাশক গুণাবলি সাধারণ মানুষের কাছে সুপরিচিত। প্রাকৃতিক ভাবে ফসলের ক্ষতিকারক পোকামাকড় নিয়ন্ত্রণের জন্য গাছটি খুবই কার্যকরী। করঞ্জার বীজ থেকে নিষ্কাশিত তেলের মধ্যে থাকা সক্রিয় জৈবযৌগ 'করনজিন' এর কীটনাশক বৈশিষ্ট্যের জন্য দায়ী। করঞ্জা বীজের তেল, বীজের গুঁড়ো এবং খইলের মধ্যে রয়েছে ফসলের ক্ষতিকারক পোকামাকড়দের বিকর্ষণ করার গুণাবলি। করঞ্জা উত্তম মাকড়নাশক, এটির খাদ্য বিরোধক বৈশিষ্ট্যের জন্য এটি চষী, সাদামাছি, হিসপা, নিমাটোড, জ্যাসিড প্রভৃতি ক্ষতিকারক পোকামাকড়দের নিয়ন্ত্রণে কার্যকরী ভূমিকা পালন করে। করঞ্জার বীজের তেল থেকে তৈরি হওয়া জৈব কীটনাশক মাকড় নিয়ন্ত্রণে অত্যন্ত কার্যকরী।

**বিষকাটালি: (পলিগোনাম হাইড্রোপাইপার):** বিষকাটালি হল অনাদরে জন্মানো এক ওষধি গুল্মজাতীয় গাছ। এটিকে গ্রামীণ এলাকার জলাশয়ের ধারে স্যাঁতসেঁতে পরিবেশে জন্মাতে দেখা যায়। এর সংস্কৃত নাম বিশল্যকরণী। এই গাছের পাতায় কীটনাশক গুণাবলি রয়েছে। আর এর কারণ হল, পাতায় থাকা জৈবযৌগ ফ্ল্যাভোনয়েড, পলিগোনিক অ্যাসিড এবং কনফারটিফোলিন। পাতার নির্যাস ফসলের ক্ষতিকারক পোকামাকড় জাব, জ্যাসিড, সাদামাছি, দয়েপোকা, লাল কুমড়ো পোকা, ধানের মাজরা এবং মাটির মধ্যে থাকা কাটুই পোকা নিয়ন্ত্রণের জন্য কাজে লাগে। এ ছাড়াও মজুত দানাশস্য সংরক্ষণের সময় পোকামাকড় তাড়ানোর জন্য গাছটির শুকনো পাতা দানাশস্যের সঙ্গে মিশিয়ে ব্যবহার করা হয়।

**নিশিন্দা (ভাইটেক্স নিগুনডো):** গ্রামীণ এলাকায় বড় মাপের বহুবর্ষজীবী গুল্ম জাতীয় গাছ নিশিন্দাকে জন্মাতে দেখা যায়। যদিও আজ এটি বিলুপ্তির পথে। এর পাতাগুলির মধ্যে একটা কটুগন্ধের উপস্থিতি টের পাওয়া যায়। গাছটি যথেষ্ট কষ্টসহিষ্ণু এবং খরা সহনশীল। নিশিন্দার কীটনাশক এবং ভেষজ গুণাবলি রয়েছে। গ্লুকোসাইড এবং স্যালিসাইলিক অ্যাসিড নামক যৌগ থাকার সুবাদে গাছটির মধ্যে কীটনাশক গুণ রয়েছে। পাতা ও কাণ্ডের নির্যাসের মধ্যে পোকামাকড় বিতাড়ক এবং খাদ্য বিরোধক গুণও রয়েছে। এ ছাড়াও নিশিন্দার মধ্যে লার্ভা ও ডিমনাশক এবং বৃদ্ধি বিরোধক গুণ রয়েছে। গ্রামবাংলায় এখনও এর শুকনো পাতা মজুত খাদ্যশস্য সংরক্ষণের সময় ব্যবহার করা হয়। এ ছাড়াও এর পাতা ও কাণ্ডের নির্যাস ধানের পোকামাকড়, তুলোর ফল ছিদ্রকারী পোকা এবং শুঁয়োপোকা নিয়ন্ত্রণে ব্যবহার করা হয়।



**আতা (অ্যানোনা স্কোয়াযোসা):** আতা হল উষ্ণ ও শুষ্ক এলাকায় জন্মানো ফলের গাছ। আতা খরা সহনশীল। আতাগাছের মধ্যে কীটনাশক গুণাবলির জন্য দায়ী 'অ্যানোনেইন' নামক এক সক্রিয় জৈবযৌগ। অ্যালকোলয়েড জাতীয় যৌগটি উপস্থিত থাকে আতাগাছের বীজ ও পাতার মধ্যে। আতাবীজের তেলের মধ্যে 'অ্যাসিটোজেনিন' নামক অত্যন্ত সক্রিয় বিষাক্ত যৌগটি থাকার জন্য এটি জৈব কীটনাশক হিসেবে ব্যবহার করা হয়। এই জৈব কীটনাশক উইপোকা, সাদামাছি, দয়েপোকা এবং জাবপোকা নিয়ন্ত্রণে কার্যকরী ভূমিকা পালন করে। বীজের ১.০-১.৫ নির্যাস কাণ্ড ছিদ্রকারী, বাদামিশোষক, জাব, হীরকপিঠমথ এবং শুঁয়োপোকা নিয়ন্ত্রণে ব্যবহার করা হয়। এ ছাড়াও শুকনো পাতা মজুত শস্যদানা সংরক্ষণের সময় ব্যবহার করা হয়।



**গাঁদা (ট্যাজেটিস ইরেকটা):** গাঁদা মূলত ফুল হিসেবে ব্যবহৃত হলেও, বীরুৎ গোত্রীয় বর্ষজীবী এই গাছটির অসাধারণ ভেষজ ও কীটনাশক গুণ রয়েছে। গাছের সমগ্র অংশই জৈব কীটনাশক হিসেবে ফসলের ক্ষতিকারক পোকামাকড় নিয়ন্ত্রণের জন্য নানান ভাবে ব্যবহার করা হয়ে থাকে। এর দেহের মধ্যে উগ্র কটুগন্ধ বিশিষ্ট যৌগ, আলফা টারথাইইনাইল থাকার জন্য গাছটি ক্ষতিকারক পোকামাকড়দের দূরে সরিয়ে থাকতে পারে। এই গাছ ক্ষতিকারক জাব, সাদামাছি, চষী, স্কোয়াশবাগ এবং শসার বিটল প্রভৃতি ক্ষতিকারক পোকাদের দূরে সরিয়ে রাখতে পারে। মাটির মধ্যে থাকা ফসলের ক্ষতিকারক পোকা নিমাটোড নিয়ন্ত্রণের জন্য গাঁদা খুবই কার্যকরী। মাটির নীচে থাকা এর শিকড় জৈব রাসায়নিক পদার্থ 'থাইয়োফিন' নিঃসরণ করে, যেটি নিমাটোডের বৃদ্ধি ও বংশবিস্তার প্রতিরোধ করে।

**নিম (অ্যাজাডিকটা ইন্ডিকা):** নিম হল বহু বর্ষজীবী বড় মাপের বৃক্ষ জাতীয় উদ্ভিদ, যার মধ্যে অসাধারণ ভেষজ ও কীটনাশক গুণ রয়েছে। নিমগাছের পাতা, ডালপালা, এমনকী বীজও ঘরোয়া কীটনাশক হিসেবে ব্যবহার করার রেওয়াজ আছে। গাছের দেহের মধ্যে থাকা সক্রিয় যৌগ 'অ্যাজাডিরাক্টিন' হল এর কীটনাশক গুণাবলির আসল কারণ। নিমের তেতো স্বাদের জন্য ক্ষতিকারক পোকামাকড়ের মধ্যে ফসল খাওয়ার প্রতি অনীহা জন্মায় এবং এদের থেকে দূরে থাকে। এ ছাড়াও নিমগাছ থেকে নানান রকমের জৈব কীটনাশক প্রস্তুত করা হচ্ছে। নিম ক্ষতিকারক পোকা নিমাটোড, জাব, সাদামাছি, মাকড় এবং ফল ও পাতা খাওয়া শুঁয়োপোকা নিয়ন্ত্রণের জন্য বেশ কার্যকরী।



**আকন্দ (ক্যালোট্রেপিস প্রসেরা):** আকন্দ অতি পরিচিত বহুবর্ষজীবী গুল্ম। মূলত রাস্তার ধারে, নদীর পারে, এমনকী ফাঁকা জমিতে জন্মাতে দেখা যায়। গাছটির পাতায় থাকা সাদা রঙের তরুক্ষীরের মধ্যে উপস্থিত যৌগ ক্যালাট্রোপিন ও ক্যালাটক্সিন ক্ষতিকারক পোকার লার্ভা বা কীড়াদের পাকস্থলী বিষাক্তকরণের মাধ্যমে মেরে ফেলে এবং ডিম থেকে লার্ভা প্রস্ফুটনের প্রক্রিয়াকেও বাধা দেয়। এছাড়াও এর পাতার নির্যাসের মধ্যে পোকার ডিমপাড়া ও ডিম প্রস্ফুটন প্রতিরোধক, লার্ভানাশক, পোকা বিতাড়ক গুণাবলি রয়েছে। আকন্দ পাতার নির্যাস হীরকপিঠমথ, ফল আর্মিওর্য়ম এবং ফল ছিদ্রকারী পোকা নিয়ন্ত্রণে কার্যকরী ভূমিকা পালন করে। এছাড়াও মাটির মধ্যে থাকা ফসলের ক্ষতিকারক উইপোকা নিয়ন্ত্রণে এর পাতার নির্যাস বেশ কার্যকরী।



**তামাক (নিকোসিয়ানা ট্যাবাকাম):** তামাকের গাছ ১৯৬০ সাল থেকে জৈব কীটনাশক হিসেবে ভারতে ব্যবহৃত হয়ে আসছে। এর কীটনাশক গুণের প্রধান কারণ হল গাছের মধ্যে থাকা বিষাক্ত যৌগ 'নিকোটিন'। আর এই প্রাকৃতিক যৌগটি হল এক ধরণের বর্ণহীন উপক্ষার বা অ্যালকালয়েড। এখন ফসলের ক্ষতিকারক শত্রুপোকাদের নিয়ন্ত্রণের জন্য বাণিজ্যিক জৈব কীটনাশক তৈরির জন্য তামাক ব্যবহার করা হচ্ছে। ভারতের কৃষকরা তামাকের পাতার নির্যাস ক্ষতিকারক পোকামাকড়, জাব, জ্যাসিড, চষী, পাতাশোষক এবং শুঁয়োপোকা নিয়ন্ত্রণের কাজে ব্যবহার করছেন।

**রেড়ি (রিসিনাস কমিউনিস):** রেড়ি হল তেল বহনকারী বহুবর্ষজীবী গাছ। প্রধানত রাস্তা ও রেলপথের ধারে এবং ফাঁকা জমিতে আগাছা হিসেবে জন্মাতে দেখা যায়। এই গাছের পাতা, বীজ এবং ফলের নির্যাসের মধ্যে বিষাক্ত যৌগ 'রিসিন' ও 'রিসিনোলিন' উপস্থিত থাকে, যাদের কীটনাশক গুণ রয়েছে। এর পাতা ও ফলের নির্যাস ফসলের ক্ষতিকারক নিমাটোড, সাদামাছি এবং দয়ে পোকা নিয়ন্ত্রণে বেশ কার্যকরী। এছাড়াও রেড়ি বীজের তেলের মধ্যে পোকা বিতাড়ক গুণ রয়েছে, যার জন্য এটি মাটির মধ্যে বসবাসকারী নিমাটোড ও উইপোকা নিয়ন্ত্রণে অধিক কার্যকরী ভূমিকা পালন করে। এটি ব্যবহারের ফলে পোকার বৃদ্ধি কমে যায় এবং খোলস ত্যাগ প্রক্রিয়ারও পরিবর্তন ঘটে।

**পড়ালি (স্ক্রেইস্টানথাস কলিনাস):** এটি হল ছোট মাপের পর্ণমোচী বৃক্ষ। লিগনান এবং গ্লাইকোসাইড থাকার জন্য এটি খুবই বিষাক্ত। কিন্তু গাছটির পাতা, বাকল এবং ফল হল কীটনাশক গুণ সম্পন্ন। অ্যারিলন্যাপথালিন লিগনান ল্যাকটোনস গ্লাইকোসাইডস গাছটির কীটনাশক গুণের জন্য দায়ী। গাছের নানান অংশের মধ্যে লার্ভানাশক এবং খাবার বিতাড়ক গুণ থাকার জন্য এটি কীটনাশক হিসেবে কার্যকরী। ভারতের গ্রামীণ এলাকায়, বিশেষত আদিবাসী কৃষকেরা এই গাছটির পাতা ও কাণ্ডের বাকলের নির্যাস ধানের চুঙ্গি, হলদে মাজরা, গন্ধীবাগ, বাদামিশোষক ও নলী মাছির মতো পোকা নিয়ন্ত্রণে ব্যবহার করে। পাতার নির্যাস প্রয়োগের ১২ ঘণ্টার মধ্যে ধানে চুঙ্গি পোকার উপদ্রব নিয়ন্ত্রণে আসে। এর পাতা গুদামজাত ধানের ছিদ্রকারী পোকা নিয়ন্ত্রণের কাজেও লাগে। গাছের টাটকা পাতাগুলি ধানের জমিতে ছড়িয়ে দিলে চুঙ্গি পোকার উপদ্রব অনেকাংশে কমে যায়।

**বিষলতা (ডেরিস ইলিপটিকা):** গাছটি ভুথাকরন্তী নামেও পরিচিত। এটি বড় মাপের দ্রুত বর্ধনশীল লতানো গাছ। মূলত উষ্ণমণ্ডলীয় প্রাকৃতিক আবহাওয়াতেই গাছটিকে জন্মাতে দেখা যায়। এর শিকড়ে 'রোটেনোন' রয়েছে, যার নিজস্ব একটি কীটনাশক গুণ রয়েছে। এই গাছটি ফসলের ক্ষতিকারক জাব, মাকড়সা, মাকড়, বিটল, পাতাশোষক, লালমাকড় এবং শুঁয়োপোকা নিয়ন্ত্রণের জন্য ব্যবহার করা হয়।

স্বনির্ভরতার সন্ধান

# নারকেল চাষ দিশা দেখাচ্ছে উপার্জনের



পশ্চিমবঙ্গে নারকেলের কদর প্রায় প্রতিটি ঘরে। শুধু ফল নয়, নারকেল গাছের সব অংশই কোনও না কোনও কাজে ব্যবহৃত হয়। বৈজ্ঞানিক পদ্ধতিতে নারকেল চাষের সম্প্রসারণের লক্ষ্যে সরকার ভর্তুকি দিচ্ছে। পাওয়া যাবে প্রযুক্তি সহায়তাও।

নিজস্ব প্রতিনিধি: ২ সেপ্টেম্বর পালিত হল বিশ্ব নারকেল দিবস। এই উপলক্ষে নারকেল চাষ বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং নারকেল থেকে নানা ধরনের পণ্য উৎপাদনের বিষয়ে সচেতনতা প্রসারে উদ্যোগী হল কেন্দ্রীয় ও রাজ্য সরকার। নারকেল দিবসে এ বছরের থিম ছিল— অনিশ্চয়তার সময় নারকেল: খাদ্য, শক্তি এবং জীবিকার সুরক্ষা।

পশ্চিমবঙ্গে নারকেলের কদর প্রায় প্রতিটি ঘরে। শুধু ফল নয়, নারকেল গাছের সব অংশই কোনও না কোনও কাজে ব্যবহৃত হয়। রূপচর্চার জন্য নারকেল তেল, নারকেল থেকে তৈরি সাবান, ক্রিম ও লোশনের কদর যথেষ্ট। নারকেলের ছোবড়া দরকার হয় গদি তৈরিতে। পাতা থেকে তৈরি হয় ঝাঁটা। এ ছাড়াও নারকেলের খোলা, ছোবড়া ও শুকনো পাতা হস্তশিল্প সামগ্রী বানাতে প্রয়োজন হয়।

এখন রাজ্যের প্রায় ৩৩ হাজার হেক্টর জমিতে নারকেল গাছ আছে। ২০২৪-২৫ অর্থবর্ষে রাজ্যে প্রায় ৪২ কোটি নারকেল উৎপন্ন হয়েছিল। কিন্তু এ রাজ্যের চাহিদা পূরণ করতে আরও ফলন প্রয়োজন। সেই কারণে ২০২৬-২৭ অর্থবর্ষে রাজ্যে আরও ২০০ হেক্টর জমিতে নারকেল গাছ রোপণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে সেই কাজও শুরু হয়েছে।

পশ্চিমবঙ্গে নারকেল গাছ সবচেয়ে বেশি রয়েছে মুর্শিদাবাদে। এই জেলায় প্রায় ৬ হাজার হেক্টর জমিতে রয়েছে নারকেল গাছ। এর পরই রয়েছে দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর এবং হাওড়া। এ ছাড়া মালদহ, বীরভূম, হুগলি ও নদিয়া জেলাতেও নারকেল চাষের প্রসার ঘটানোর চেষ্টা করা হচ্ছে।

নারকেল চাষ অত্যন্ত লাভজনক। অনেকটা জমি আছে, কিন্তু জলাভাবে ধান বা অন্য শস্য চাষ করা সমস্যা হয়ে দাঁড়াচ্ছে, এরকম অবস্থায় নারকেল গাছ রোপণের কথা ভাবতে পারেন। হেক্টর পিছু দু' বছরে ৫৬ হাজার টাকা ভর্তুকি বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার। তবে সরকারি ভর্তুকি পেতে গেলে বেশ কিছু নিয়ম মানতে হবে।

## ভর্তুকি পাওয়ার নিয়ম

নারকেল চাষে উৎসাহ দিতে যে-সরকারি প্রকল্পটি রয়েছে তার নাম, এরিয়া এক্সপ্যানশন প্রোগ্রাম (এইপি)। এই প্রকল্পের আওতায় কেবল নতুন এলাকায় নারকেলের চারা রোপণের জন্য আর্থিক সাহায্য দেওয়া হবে। দেওয়া হবে প্রযুক্তিগত সহায়তাও। বৈজ্ঞানিক পদ্ধতিতে নারকেল চাষের সম্প্রসারণই সরকারের লক্ষ্য।

যাঁদের ১০ থেকে ৩২০টি চারা রোপণের জায়গা আছে তাঁরা এই প্রকল্পে সাহায্য পাওয়ার জন্য আবেদন করতে পারেন। কৃষক, কৃষির সঙ্গে যুক্ত কোনও প্রতিষ্ঠান, নারকেল চাষের উপযোগী জমির বৈধ মালিকরা আবেদনের যোগ্য। সর্বাধিক ২ হেক্টর পর্যন্ত আয়তনের জমির ক্ষেত্রে এই ভর্তুকি দেওয়া হবে। এর জন্য কোকোনাট ডেভেলপমেন্ট বোর্ডের (সিডিবি) ডিএসপি টিম, সরকারি নার্সারি, সিডিবি বা কেন্দ্রীয় সংস্থা স্বীকৃত নার্সারি থেকে চারা কিনতে হবে। চাষির নিজের চারা হলে কৃষি দপ্তর বা উদ্যান পালন দপ্তরের অনুমোদন প্রয়োজন। ভর্তুকি হিসেবে ৫৬ হাজার টাকা দু'টি কিস্তিতে দেওয়া হবে। টাকা সরাসরি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ঢুকবে। প্রথম ও দ্বিতীয় বছরের জন্য আলাদা করে আবেদন করতে হবে। প্রথম কিস্তির জন্য কমপক্ষে ৫টি চারা জীবিত থাকতে হবে। দ্বিতীয় কিস্তির জন্য অন্তত ৬০টি চারার বেঁচে থাকা চাই।

এর জন্য চারা রোপণের সঠিক নিয়ম মানতে হবে এবং নিয়মিত পরিচর্যাও করতে হবে। নারকেল চারা মারা গেলে অথবা কোনও কারণে ক্ষতিগ্রস্ত হলে, কৃষককে নিজের খরচে নতুন করে চারা লাগাতে হবে। সেই সময় কোনও অতিরিক্ত ভর্তুকি পাওয়া যাবে না।

## আবেদনের পদ্ধতি

নারকেল চাষে সরকারি ভর্তুকির আবেদনপত্র ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: https://coconutboard.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদন করবেন রাজ্য সরকারের ডেভেলপমেন্ট বোর্ড বা স্থানীয় ব্লক কৃষি অফিসে। পরিচয়পত্র হিসেবে ভোটার কার্ড বা আধার কার্ড, জমির পর্চা, ব্যাঙ্ক অ্যাকাউন্টের নথিপত্র ও প্রতিটির নকল সঙ্গে নিয়ে যাবেন। এ ছাড়াও দিতে হবে জিও ট্যাগ যুক্ত আলোকচিত্র।

বিশদ জানতে যোগাযোগ করুন স্থানীয় ব্লক কৃষি অফিসে তথ্য ও আবেদন সংক্রান্ত নির্দেশাবলি জানতে পারবেন এই ওয়েবসাইট লিঙ্ক থেকেও: https://coconutboard.gov.in/docs/operational-guidelines.pdf (পৃষ্ঠা ২৪)।

প্রয়োজনে যোগাযোগ করুন এই ঠিকানায়: নারিকেল উন্নয়ন পর্ষদ (CDB), পশ্চিমবঙ্গ কেন্দ্র-কলকাতা, ডিএ-৯৪, ডিএ ব্লক, সেক্টর-১, বিধাননগর, কলকাতা-৭০০ ০৬৪ (বেঙ্গল কেমিক্যাল মেট্রোর কাছে)। ই-মেল: sc-kolkata@coconutboard.gov.in

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

৭ সেপ্টেম্বর-১৬ সেপ্টেম্বর

**৭ সেপ্টেম্বর** রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত জানালেন পশিমবঙ্গকে লগ্নির গন্তব্য হিসেবে তুলে ধরতে হলে শুধু রাজ্য সরকার উদ্যোগী হলে হবে না। অন্তত একটি বড় কর্পোরেট সংস্থার আসা জরুরি। তাঁর বার্তা, একটি বৃহৎ শিল্প গোষ্ঠী কিংবা সংস্থার উল্লেখযোগ্য লগ্নি শিল্পায়নের অভিমুখ বদলে দেবে। তা উৎপাদন, তথ্যপ্রযুক্তি কিংবা যে-কোনও ক্ষেত্রেই হতে পারে। জমি নীতি প্রসঙ্গে মন্ত্রীর দাবি, যখন দেশের বেশিরভাগ রাজ্য শহরাঞ্চলে জমির উর্ধ্বসীমা সংক্রান্ত সব আইন তুলে দিয়েছে তখন পশ্চিমবঙ্গে তা রয়েছে। রাজ্যকে শিল্পবান্ধব হিসেবে তুলে ধরতে এই ধরনের সব বাধা সরানোর জন্য সরকার কাজ করছে বলেও জানান অর্থমন্ত্রী।

## ব্রিকস সম্মেলনের প্রাক্কালে পুতিন-মোদী বৈঠক



১১ সেপ্টেম্বর: ব্রিকস শীর্ষ সম্মেলন শুরু হওয়ার আগে নয়াদিল্লিতে ভারত সফরে আসা রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠকে বসলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইউক্রেনের সঙ্গে সংঘাত নিরসনে আলোচনা ও কূটনীতিই একমাত্র পথ— ভারতের এই অবস্থানকেই বৈঠকে ফের স্পষ্ট করে দিলেন মোদী। তিনি জানান, শান্তি প্রতিষ্ঠার যে-কোনও উদ্যোগে ভারত সহযোগিতা করতে প্রস্তুত। বৈঠকের পর বিদেশমন্ত্রক বিবৃতিতে বলেছে, ভূ-রাজনৈতিক অনিশ্চয়তার মধ্যেও ভারত-রাশিয়ার 'বিশেষ ও অগ্রাধিকারপ্রাপ্ত কৌশলগত অংশীদারি' ক্রমশ শক্তিশালী হচ্ছে বলে সন্তোষ প্রকাশ করেছেন দুই রাষ্ট্রনেতা। বৈঠকে রাজনৈতিক, অর্থনৈতিক, প্রতিরক্ষা, জ্বালানি, মহাকাশ, দক্ষ কর্মীর যাতায়াত-সহ দ্বি-পাক্ষিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি পর্যালোচনা করেছেন তাঁরা।

**৮ সেপ্টেম্বর** দেশের জিডিপির বৃদ্ধি হলেও সেই তুলনায় বিদেশি লগ্নি কমায় উদ্বেগ প্রকাশ করলেন অর্থনীতিবিদদের একাংশ। বিশ্বব্যাঙ্কের প্রাক্তন অর্থনীতিবিদ, ভারতের প্রাক্তন মুখ্য আর্থিক উপদেষ্টা কৌশিক বসু পরিসংখ্যান দিয়ে জানিয়েছেন, ২০০৮-এ দেশে প্রত্যক্ষ বিদেশি লগ্নির পরিমাণ ছিল জিডিপি-র ৩.৬ শতাংশ। ২০১৫-তে বিদেশি লগ্নির পরিমাণ ছিল জিডিপি-র ২.১ শতাংশ। ২০২২-এ তা নেমে আসে ১.৫ শতাংশে। ২০২৫-এ অর্থাৎ গতবছর তা মাত্র ১ শতাংশে নেমে এসেছে। কৌশিক বসুর বক্তব্য, 'ভারতে প্রচুর মেধা রয়েছে। ভারতের প্রতি বিশ্বের আস্থা খুবই বেশি ছিল। আমাদের প্রশ্ন করা উচিত, তা কেন কমছে? এর মোকাবিলাতেও পদক্ষেপ করতে হবে।'

আলোচনার মাধ্যমে ভারতের সঙ্গে অমীমাংসিত বিষয়গুলির দ্রুত সমাধানের আহ্বান জানালেন বাংলাদেশের নব নির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তাঁর সঙ্গে এদিন ঢাকায় দেখা করেন, বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। পরে ফখরুল বলেন, 'দুই দেশের মধ্যে বাণিজ্য, জলসম্পদ, প্রযুক্তি, যোগাযোগ ব্যবস্থা, সংস্কৃতি এবং জনগণের সঙ্গে সম্পর্ক-সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও প্রসারিত করার সুযোগ রয়েছে।' ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, 'বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক এবং আগামী দিনে এই সম্পর্ককে কীভাবে এগিয়ে নিয়ে যাওয়া হবে, তা নিয়ে কথা হয়েছে।'



"টানা চারমাস পাইকারি বাজারের দাম চড়ছে। অত্যাবশ্যক পণ্যের চড়া দামে সাধারণ মানুষের দুর্ভোগ বাড়ছে। উপরন্তু সিএমআইই-র পরিসংখ্যান জানাচ্ছে, মূল্যবৃদ্ধি ধরে হিসাব করলে এপ্রিল থেকে প্রকৃত আয় কমেছে ৫.৭%। বিশেষত গ্রামাঞ্চলে তা মাথা নামিয়েছে ৯%। কিন্তু প্রধানমন্ত্রী বলে যাচ্ছেন সব চাঙ্গা।"

জয়রাম রমেশ, *কংগ্রেসের সাধারণ সম্পাদক*

দেশের খুচরো বাজারের মূল্যবৃদ্ধি ৪.৮২% এবং পাইকারি বাজারে সেই হার ১০% ছুঁই ছুঁই হওয়ার কেন্দ্রীয় পরিসংখ্যান সামনে আসতেই

## প্রয়াত কেতকি কুশারী ডাইসন



১২ সেপ্টেম্বর: ইংল্যান্ড প্রবাসী সাহিত্যিক, গবেষক কেতকী কুশারী ডাইসন (৮৬) প্রয়াত হলেন। দু-বারের আনন্দ পুরস্কার জয়ী তিনি। 'রবীন্দ্রনাথ ও ভিক্টোরিয়া ওকাম্পোর সন্ধানে' উপন্যাস এবং রবীন্দ্রনাথের বর্ণান্ধতা ও রং চর্চা নিয়ে সুশোভন অধিকারীর সঙ্গে গবেষণামূলক কাজের জন্য দু-বার ওই সম্মাননা পান। গবেষণার কাজ দু'টি ভাষায় করলেও নাটক উপন্যাস বাংলাতেই লিখেছেন তিনি। রবীন্দ্র-কবিতা ইংরেজি ভাষাভাষীদের কাছে পৌঁছে দেওয়ার কাজেও কেতকীর ভূমিকা স্মরণীয়।

## সিএবি-র জীবনকৃতি পেলেন উৎপল



৭ সেপ্টেম্বর: প্রাক্তন ভারতীয় ক্রিকেটার এবং বাংলার ক্রিকেট দলের দীর্ঘদিনের নির্ভরযোগ্য সদস্য উৎপল চট্টোপাধ্যায় সিএবির জীবনকৃতি সম্মান পেলেন। বাংলার রঞ্জি জয়ী দলের অন্যতম কাণ্ডারি ছিলেন তিনি। প্রথম শ্রেণির ক্রিকেটে তাঁর উইকেট সংখ্যা ৫০৪। সিএবি প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়ের হাত থেকে পুরস্কার গ্রহণ করেন উৎপল। জীবনকৃতি সম্মান দেওয়া হয়েছে প্রাক্তন মহিলা ক্রিকেটার পূর্ণিমা চৌধুরীকেও। বর্তমান ক্রিকেটারদের মধ্যে বর্ষসেরা ক্রিকেটারের পুরস্কার দেওয়া হল সুদীপ কুমার ঘরামি ও তনুশ্রী সরকারকে।

**৯ সেপ্টেম্বর** নিম্নমানের খাবার সরবরাহের অভিযোগে দু'দিনে কলকাতার মোট ৫৪টি রেস্তোরাঁর ফুড লাইসেন্স বাতিল করল কলকাতা পুরসভা। এর মধ্যে অফিস পাড়া-সহ পার্ক স্ট্রিট এবং শহরের বিভিন্ন এলাকার একাধিক জনপ্রিয় খাবারের দোকান এবং রেস্তোরাঁ রয়েছে। এইসব দোকানের মাংসের মানে গরমিল পাওয়া গিয়েছে। অনেক ক্ষেত্রেই রান্নাঘর অপরিচ্ছন্ন বলে দাবি করেছেন অনুসন্ধানকারী দলের আধিকারিকরা।

**১০ সেপ্টেম্বর** রাজ্য বিধানসভায় পাশ হল 'দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিজ অ্যান্ড কলেজেস অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড রেগুলেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২৬। এই বিল আইনে পরিণত হলে, বিশ্ববিদ্যালয় স্তরে শিক্ষক-শিক্ষাকর্মীদের বদলির ক্ষমতা পাবে রাজ্য সরকার। বিরোধীরা ওই বিলের মাধ্যমে শিক্ষায় 'গৈরিকীকরণ' ও মূলত যাদবপুরকে নিশানা করা হচ্ছে বলে অভিযোগ তুলেছেন। বিলটি ১৭১-১৫ ভোটে পাশ হয়েছে।

**১১ সেপ্টেম্বর** জঙ্গি কার্যকলাপ রুখতে রাজ্যে অ্যান্টি টেররিস্ট স্কোয়াড (এটিএস) তৈরি হল। রাজ্যের স্বরাষ্ট্রসচিব এই মর্মে বিজ্ঞপ্তি জারি করেছেন। বাহিনীর শীর্ষে থাকবেন এডিজি পদমর্যাদার এক অফিসার। বিজ্ঞপ্তি অনুযায়ী, জঙ্গি দমনে কেন্দ্র ও রাজ্যের গোয়েন্দা ব্যুরোর সঙ্গে সমন্বয় রাখবে এটিএস। বাহিনীতে নিযুক্ত পুলিশকর্মীদের সন্ত্রাসবিরোধী অভিযান, গোয়েন্দা তথ্য সংগ্রহ, সাইবার তদন্ত, বিস্ফোরণ তদন্ত, জঙ্গিদের আর্থিক সাহায্য রোখার মতো প্রশিক্ষণ দেওয়া হবে।

## এক তরফা চাপিয়ে দেওয়া মার্কিন শুল্কের বিপদ নিয়ে উদ্বেগ ব্রিকস অর্থমন্ত্রীদের




১১ সেপ্টেম্বর: ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরেরা আমেরিকার নাম না করে একতরফা শুল্ক চাপিয়ে দেওয়া ও বাণিজ্যের ক্ষেত্রে বাধা তৈরি করাকে বিশ্বের আর্থিক বৃদ্ধির ক্ষেত্রে বড় বিপদ বলে বর্ণনা করলেন। মুম্বইয়ে ব্রিকসের দেশগুলির অর্থমন্ত্রী, কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরদের বৈঠক থেকে যৌথ বিবৃতিতে বলা হয়েছে, আন্তর্জাতিক অর্থনীতির আকাশে এখন ভূ-রাজনৈতিক উত্তেজনা, বাণিজ্যে বাধা, রক্ষণশীল নীতি, মূল্যবৃদ্ধি, রাজকোষের ঘাটতি, ঋণের বোঝার কালো মেঘ। একতরফা শুল্ক চাপানো, বাণিজ্যে অন্য বাধার ফলে উঠতি ও উন্নয়নশীল দেশগুলির উপরে বাড়তি বোঝা চাপাচ্ছে।

**১২ সেপ্টেম্বর** ঘনিষ্ঠ সহযোগীর বাড়ি থেকে সোনা, নগদ টাকা উদ্ধার হওয়ার পর কংগ্রেসের সব পদ থেকে ইস্তফা দিলেন উত্তরাখণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী হরিশ রাওয়াত। বর্তমানে তিনি উত্তরাখণ্ড প্রদেশ কংগ্রেসের এগজিকিউটিভ কমিটি ও কংগ্রেস ওয়ার্কিং কমিটির আমন্ত্রিত সদস্য ছিলেন। সমাজমাধ্যমে রাওয়াত লিখেছেন, কংগ্রেস যেভাবে দুর্নীতির বিরুদ্ধে লড়ছে, তাকে লঘু করে দিতে চান না তিনি। সেজন্যই ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত।

## মহালয়ার আগে পুজো উদ্বোধন নয়, জানালেন মুখ্যমন্ত্রী



৭ সেপ্টেম্বর: দুর্গাপুজো নিয়ে রাজ্য সরকারের সমন্বয় বৈঠকের পরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানালেন, মহালয়ার আগে, কোনও পুজো উদ্বোধনের অনুমতি প্রশাসন দেবে না। বড় বাজেটের পুজোর উদ্যোক্তারা যাতে সরকারি অনুদান না-নেন, সেই অনুরোধও করছেন মুখ্যমন্ত্রী। মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী থাকাকালীন যেভাবে কলকাতায় রেড রোড এবং পরে বিভিন্ন জেলা সদরেও পুজো কার্নিভাল শুরু হয়েছিল, এবছর থেকে সেটা বন্ধ করা হচ্ছে বলে শুভেন্দু এদিন জানিয়ে দেন।

## নয়াদিল্লিতে মোদী জিনপিং বৈঠক



১২ সেপ্টেম্বর: প্রায় সাত বছর পরে চিনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে নয়াদিল্লিতে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ব্রিকস শিখর সম্মেলনের ফাঁকে পার্শ্ব বৈঠকে মিলিত হলেন তাঁরা। পারস্পরিক মতপার্থক্য যেন বিরোধিতায় পরিণত না হয়, এই বার্তাই শি-কে দিয়েছেন মোদী। দুই দেশ যখন দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন করে স্বাভাবিক করার চেষ্টা করছে, সেই সময় এই বৈঠক যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে মনে করছে কূটনৈতিক মহল। শি জিনপিংও বলেছেন, পারস্পরিক জটিলতায় ভরা আন্তর্জাতিক পরিস্থিতিতে বিশ্বের দুই সর্বাধিক জনবহুল দেশ এবং গ্লোবাল সাউথের গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে ভারত ও চিনের উপর গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। ব্রিকসের বৈঠকেও শি বলেন, 'পশ্চিম এশিয়ার যুদ্ধ আন্তর্জাতিক সমাজের সাধারণ স্বার্থের অনুকূল নয়।'

## ওড়িশার জঙ্গল থেকে উদ্ধার পাঁচ ওরাং ওটাং শাবক



৯ সেপ্টেম্বর: ওড়িশার বালেশ্বরের কাছে বড়াপাই গ্রামের বিচিত্রপুর ঝাউবন থেকে উদ্ধার হল অতি বিপন্ন প্রজাতির পাঁচটি ওরাং ওটাং শাবক। শুধু ওড়িশার উপকূলই নয়, গোটা ভারতেই ওরাং ওটাং বাস করে না। তারা আদতে ইন্দোনেশিয়ার বোর্নিও-সুমাত্রা আর মালয়শিয়ার জঙ্গলে থাকে। সম্ভবত চোরাচালানের শিকার হয়েই বিচিত্রপুরের ঝাউবনে এসে পড়েছে শাবকগুলি। উদ্ধার হওয়া শাবকদের পাঠানো হয়েছে ভুবনেশ্বরে নন্দন কানন চিড়িয়াখানায়। কনভেনশন অন ইন্টারন্যাশনাল ট্রেড ইন এনডেঞ্জারড স্পিসিস অব ওয়াইল্ড ফনা অ্যান্ড ফ্লোরা (সাইটস) অনুযায়ী কোনও দেশে চোরাচালানের সময় জীবন্ত বন্যপ্রাণী উদ্ধার হলে তাকে নিজের দেশে (কান্ট্রি অব অরিজিন) ফিরিয়ে দিতে হবে। কিন্তু এক্ষেত্রে চোরাচালান প্রমাণিত না হওয়ায় আপাতত চিড়িয়াখানাই ঠিকানা হচ্ছে এই প্রাণীদের।

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

বিশ্ববাজারে অশোধিত তেলের দাম ১০০ ডলার ছাপিয়ে যাওয়া এবং হুথি জঙ্গিদের হামলার জেরে সৌদি আরবে তেল সরবরাহকারী পাইপলাইন বন্ধ হয়ে যাওয়ার জেরে জ্বালানি নিয়ে উদ্বেগ বাড়ল ভারতের। তেলের দাম ও জোগান যে সমস্ত উন্নয়নশীল দেশের কাছেই চিন্তার কারণ, ব্রিকস সম্মেলনে সেই বার্তা দিয়ে বলা হয়েছে জ্বালানির অবাধ জোগান, স্থিতিশীল জ্বালানির বাজার ও জ্বালানির পরিকাঠামোকে রক্ষা করতে হবে। উল্লেখ্য, আমেরিকা ইরান যুদ্ধের ফলে হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচলে সমস্যা চলছে। তাকে এড়িয়ে সৌদি আরব থেকে তেল রফতানির বিকল্প রাস্তা পূর্ব-পশ্চিম পাইপলাইন। কিন্তু হুথি জঙ্গিরা পাইপলাইনে ড্রোন হামলা চালানোয় পাইপলাইন বন্ধ করেছে সৌদি আরব। ফলে সৌদি থেকে তেলের জোগানে খামতি দেখা দিয়েছে।

**১৩ সেপ্টেম্বর** নয়াদিল্লির ভারত মণ্ডপমে ব্রিকসের পার্শ্ববৈঠকে আবুধাবির যুবরাজ শেখ খালেদ বিন মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠক করলেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। গত কয়েক মাসে পশ্চিম এশিয়ার অশান্তিকে কেন্দ্র করে সংঘর্ষে জড়িয়েছিল দুই দেশ। আরব আমিরশাহির বিভিন্ন শহরে ক্ষেপণাস্ত্র হামলাও চালায় ইরান। ব্রিকসের আসরে বদলেছে চিত্র। পেজেশকিয়ান বলেছেন, দু'টি দেশই 'সম্পর্কের পাতা উল্টে নতুন অধ্যায়' শুরু করতে চাইছে।

**চিনা-প্রেসিডেন্ট শি জিনপিংকে** পাশে রেখে ব্রিকস সম্মেলনের সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী মোদী প্রযুক্তি এবং গুরুত্বপূর্ণ খনিজ সম্পদের 'অস্ত্রীকরণ' বা রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহারের বিরুদ্ধে ব্রিকস রাষ্ট্রগুলিকে সতর্ক করলেন। তাঁর বক্তব্য, এই ধরনের পদক্ষেপ অভিন্ন উন্নয়নের পথে বাধা তৈরি করতে পারে। মোদীর এই মন্তব্যকে চিনের উদ্দেশে একটি স্পষ্ট বার্তা হিসেবে দেখা হচ্ছে। কারণ গুরুত্বপূর্ণ ও বিরল খনিজ উপাদানের আন্তর্জাতিক সরবরাহ-শৃঙ্খলের উপর আধিপত্য রয়েছে মূলত চিনেরই। এবং বিরল খনিজের সরবরাহ বন্ধ করে বা বাড়িয়ে-কমিয়ে তা থেকে কূটনৈতিক লাভও আদায় করে তারা।

**১৫ সেপ্টেম্বর** সদ্যসমাপ্ত ব্রিকসের নয়াদিল্লি ঘোষণাপত্রে স্থিতিশীল ও বৈচিত্র্যময় জ্বালানি বাজার, স্থিতিস্থাপক সরবরাহ-শৃঙ্খল এবং গুরুত্বপূর্ণ জ্বালানি পরিকাঠামোর উপর জোর দেওয়া হয়েছে যা বর্তমান পরিস্থিতিতে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে দাবি করল কূটনীতিক শিবির। বিশেষজ্ঞদের দাবি, সৌদি পাইপলাইনে হামলা দেখিয়ে দিয়েছে, কেন জ্বালানি পরিবহণের বিকল্প ও নিরাপদ পথ তৈরি করা জরুরি। এই সঙ্কট ভারতের জন্য বেশি উদ্বেগের। নয়াদিল্লি তার অপরিশোধিত তেলের চাহিদার একটি বড় অংশ আমদানির মাধ্যমে মেটায় এবং উপসাগরীয় জ্বালানি ও সামুদ্রিক পরিবহণ ব্যবস্থার সঙ্গে যা গভীরভাবে সংযুক্ত। গোটা বিষয়টির সরাসরি প্রভাব পড়তে পারে বিশ্ববাজারে তেলের সরবরাহে। সরবরাহ নিয়ে উদ্বেগ বাড়লে দামও বাড়তে পারে বলে বিশেষজ্ঞদের অনুমান।

**ইউপিআই লেনদেনে মাসুল বসছে।** দেশের ডিজিটাল লেনদেন সংস্থাগুলির সংগঠন এনপিসিআই (ন্যাশনাল পেমেন্টস কাউন্সিল অব ইন্ডিয়া) ঘোষণা করল, ব্যক্তিগত লেনদেন বা ছোট দোকানদার, হকারদের বাদ দিয়ে ২ হাজার টাকার উপরে ইউপিআই লেনদেনে ০.৪০ শতাংশ হারে মাসুল বসবে। অর্থাৎ ১০০ টাকায় ৪০ পয়সা। রেলের টিকিট, বিমা, মোবাইল ও টেলিফোন পরিষেবার বিল, পেট্রল পাম্প, বিদ্যুতের বিল, পুরসভার জলের বিল, স্কুল বা শিক্ষা-প্রতিষ্ঠানের ফি-র ক্ষেত্রে দু'হাজার টাকার উপরে শুধুমাত্র ৫ টাকা মাসুল বসবে। তবে এই মাসুল বা মার্চেন্ট ডিসকাউন্ট রেট (এমডিআর) বসবে বড় দোকানদার, ব্যবসায়ী বা ই-কমার্স সংস্থার উপরে। বিরোধী দলনেতা রাহুল গান্ধী বলেছেন, 'সরকার দাবি করছে ক্রেতাদের থেকে মাসুল আদায় হবে না। কিন্তু দোকানদার, ব্যবসায়ীদের উপরে চাপানো মাসুল তারা জিনিসপত্রের দামের সঙ্গে জুড়ে ক্রেতাদের থেকেই আদায় করবেন।'

**১৬ সেপ্টেম্বর** প্রভিডেন্ট ফান্ডের (পিএফ) আওতায় থাকার জন্য মাসিক বেতনের উর্ধসীমা বাড়িয়ে ২৫,০০০ করা হল। আগে তা ছিল ১৫,০০০। কেন্দ্রীয় শ্রমমন্ত্রী মনসুখ মাণ্ডবীয় একথা জানিয়ে বলেছেন ১৭ সেপ্টেম্বর থেকে এই নতুন নিয়ম কার্যকর হবে। মন্ত্রীর দাবি, বেতনের সর্বোচ্চ সীমা বৃদ্ধির ফলে আরও ৫১ লক্ষের বেশি কর্মী পিএফ-এর আওতায় থাকার সুযোগ পাবেন। অবসরের পরে হাতে আসবে পিএফ পেনশনও। পাশাপাশি এখন থেকে বর্তমান পিএফ সদস্যদের অ্যাকাউন্টেও অতিরিক্ত টাকা জমা পড়বে। বাড়বে পেনশন অ্যাকাউন্টে জমার অঙ্কও।

## ব্রিকসের ঘোষণায় পহেলগাম সন্ত্রাস থেকে পশ্চিম এশিয়ার সংঘাত




**১২ সেপ্টেম্বর:** ১১ দেশের জোট ব্রিকস শীর্ষ সম্মেলন শুরু হল নয়াদিল্লিতে। সম্মেলনে যুযুধান দুই রাষ্ট্র ইরান এবং সংযুক্ত আরব আমিরশাহিকে এক মঞ্চে বসিয়ে দিল্লি ঘোষণাপত্র প্রকাশ এবং পাকিস্তানের দিকে ঝুঁকে থাকা চিনকে সঙ্গে নিয়ে পহেলগাম জঙ্গি হামলার তীব্র নিন্দা করা নিঃসন্দেহে কূটনৈতিক চ্যালেঞ্জ ছিল কেন্দ্র সরকারের কাছে। ব্রিকসের যৌথ ঘোষণায় বলা হয়েছে '২০২৫ সালের ২২ এপ্রিল জম্মু-কাশ্মীরে হওয়া জঙ্গি হামলার তীব্র নিন্দা করছি। ওই হামলায় ২৬ জনের মৃত্যু হয়েছিল এবং আরও অনেকে আহত হয়েছিলেন। এদিন দিল্লি ঘোষণাপত্রে ইরান, আমেরিকা বা ইজরায়েলের নাম না থাকলেও পশ্চিম এশিয়ার যুদ্ধ নিয়ে যে ভাষা ব্যবহার করা হয়েছে তাতে ইরানের বক্তব্যের প্রতি সমর্থনের ইঙ্গিত রয়েছে। গাজায় চলতে থাকা হিংসা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে ব্রিকস। প্যালেস্টাইনবাসীদের জোর করে উচ্ছেদের বিরোধিতা করা হয়েছে। বৈঠক শেষে দিল্লি ঘোষণাপত্রকে ভারত কূটনৈতিক সাফল্য হিসেবে তুলে ধরলেও কূটনৈতিক শিবিরের একাংশের বিশ্লেষণ, সীমান্ত সন্ত্রাস থেকে পশ্চিম এশিয়ার সংঘাত বা মার্কিন শুল্ক নীতি সব জায়গাতেই নিন্দার অভিমুখ যেসব দেশের প্রতি তাদের সরাসরি নামোল্লেখ করা হয়নি।

## তিরন্দাজি বিশ্বকাপে সোনা জিতে নজির ধীরজের



**১৪ সেপ্টেম্বর:** তিরন্দাজি বিশ্বকাপে প্রথম ভারতীয় হিসেবে রিকার্ভে সোনা জিতে ইতিহাস গড়লেন ২৫ বছর বয়সি ধীরজ বোম্মাদেবরা। মেক্সিকোর সালটিয়োতে প্রতিযোগিতার ফাইনালে রুদ্ধশ্বাস শুটঅফে তিনি হারালেন জাপানের নাকানিশি জুনিয়রকে। ফল ৬-৫। ২০২৩ এবং ২৪ সালের বিশ্বকাপ ফাইনাল থেকে খালি হাতে ফিরেছিলেন ধীরজ। কিন্তু এবার তিনি শুরু থেকেই ছিলেন দারুণ ছন্দে।

## যুক্তরাষ্ট্র ওপেন জিতলেন রেবাকিনা ও জেরেভ





**১৩ সেপ্টেম্বর:** যুক্তরাষ্ট্র ওপেনে মহিলাদের সিঙ্গলস খেতাব জিতলেন কাজাখস্তানের এলেনা রেবাকিনা। বেলারুশের অ্যারিনা সাবালেঙ্কাকে তিন সেটের লড়াইয়ে ৬-৪, ৫-৭, ৬-২ ফলে হারিয়ে প্রথমবার এই খেতাব জিতলেন রেবাকিনা। ক্রিস এভার্ট ও সেরেনা উইলিয়ামসের মতো ট্রফির হ্যাটট্রিকের নজির ছোঁয়ার সামনে ছিলেন সাবালেঙ্কা। শেষপর্যন্ত অবশ্য বেলারুশের তারকার রেকর্ড গড়া হল না। অন্যদিকে, ১৪ সেপ্টেম্বর আমেরিকার বেন শেলটনকে ৬-৩, ৭-৬ (৭-২), ৫-৭, ৬-২ ফলে হারিয়ে পুরুষদের সিঙ্গলস খেতাব জিতলেন জার্মানির আলেকজান্ডার জেরেভ। এবছর ফরাসি ওপেনের পর এটি তাঁর দ্বিতীয় গ্র্যান্ড স্লাম জয়। জেরেভও প্রথমবার জিতলেন যুক্তরাষ্ট্র ওপেন।

## মেয়েদের এশিয়া কাপ জয় ভারতের



**১৩ সেপ্টেম্বর:** শ্রীলঙ্কাকে ৭২ রানে হারিয়ে মহিলাদের এশিয়া কাপ ক্রিকেট প্রতিযোগিতা জিতল ভারত। এদিন দুবাইয়ে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ভারত ১৮৩ রান তোলে। জবাবে শ্রীলঙ্কার ইনিংস ১১১ রানে থেমে যায়। পহেলগাম জঙ্গি হামলা ও অপারেশন সিঁদুর-এর জেরে গতবছর এশিয়া কাপে পাকিস্তানকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার পর এশীয় ক্রিকেট সংস্থার সভাপতি তথা পাক বোর্ডের প্রধান মহসিন নকভির হাত থেকে ট্রফি নিতে অস্বীকার করে ভারতীয় দল। সেই দৃশ্যই এদিন ফের দেখা গেল মেয়েদের এশিয়া কাপ ফাইনালের শেষে। চ্যাম্পিয়ন হওয়ার পর নকভির হাত থেকে ট্রফি নিলেন না হরমনপ্রীত কৌররা।


স্টীল অথৌরিটী ऑफ इण्डिया लिमिटेड
STEEL AUTHORITY OF INDIA LIMITED
इस्को स्टील प्लांट, बर्नपुर
IISCO STEEL PLANT, BURNPUR

Advt No 2026-27/Personnel/10

ENGAGEMENT OF ADVISORS/CONSULTANTS AT SAIL – ISP

SAIL–IISCO Steel Plant (ISP) invites applications from ex-executives separated from SAIL in E-7 and below grades for engagement as Advisors/Consultants on a contractual basis in the following Functions/Departments:

1. Projects- Civil, Safety, Hot Strip Mill (HSM), Electrical, Finance & Taxation
2. Finance & Accounts
3. Works- Safety, Power & Blowing Station, Wire Rod Mill, USM, Energy Management

Eligible and interested candidates may please visit the SAIL website www.sail.co.in and refer to the 'Careers' Section for the detailed advertisement including the Terms & Conditions of engagement.

Hard copies of applications, complete in all respect, should reach SAIL-ISP through post (Speed Post/courier, etc.).within fifteen (15) days from the date of issuance of this advertisement.

Registered Office Ispat Bhawan, Lodi Road, New Delhi-110003
Corporate Identity No. : L27109DL1973GOI006454, Website : www.sail.co.in

There's is a little bit of SAIL in everybody's life



NEET (PG)
MS/MD
ADMISSION
GUIDANCE 2026

| MS | | MD | |
|---|---|---|---|
| Orthopaedics | 01 | Dermatology | 01 |
| Gynaecology | 01 | Radiology | 01 |
| Ophthalmology | 01 | Paediatrics | 01 |
| E.N.T. | 01 | Pathology | 01 |
| General Surgery | 01 | General Medicine | 01 |

Kolkata • Bankura • Burdwan • Midnapore
Malda • Murshidabad • North Bengal

Admission Wallah
9830009011
A Jadavpur University Alumnus Academic Venture



AMIANTIT REQUIRED FOR SAUDI ARABIA
FREE RECRUITMENT
LONG TERM PROJECT | VISA READY | IMMEDIATE TRAVEL
SHORTLISTING IN PROGRESS
FINAL CLIENT INTERVIEW AT KOLKATTA ON 26TH & 27TH SEPT. 2026
(DUCTILE IRON PIPES & FITTINGS MANUFACTURING DEPT)

- CANAL OPERATOR
- HOPPER OPERATOR
- FETTLING TECHNICIAN
- QUALITY CONTROL INSPECTOR
- MOULD MACHINE OPERATOR
- FACTORY LABOUR / HELPER
- SOCKET OPERATOR
- SPIGOT OPERATOR
- WINDING MACHINE OPERATOR
- CASTING MACHINE OPERATOR
- SKILLED LABOUR / HELPER

Should have relevant Qualification & Exp. in PIPE Manufacturing Industries.
VERY ATTRACTIVE SALARY, FREE FOOD, ACCOMMODATION, TRANSPORTATION + OT PROVIDED BY COMPANY.
Contact / Apply immediately with complete CV, copies of certificates, original passport & 2 colour photos to :
ASMACS ISO 9001:2015 CERTIFIED COMPANY
411, Sai Chambers, 4th Floor, Opp. Railway Station, Santacruz (East), Mumbai-400055.
(Lic.No.: B-0116/ORI/PER/1000+/5/2987/91)
SUNDAY OPEN
Email : hr24@asmacs.net CALL/ 7738622306



47 YEARS OF EXCELLENCE | NARAYANA GROUP OF SCHOOLS WEST BENGAL

Take your career to new heights with one of Asia's largest educational institutions.

| | |
|---|---|
| TELE CALLERS | Any degree with 1 - 2 years of experience in education sector |
| COUNSELLORS | Any degree with 1 - 2 years of experience in education sector |
| MARKETING EXECUTIVES | Any degree with 1 - 2 years of experience in education sector |
| AGM | Any degree with 1 - 2 years of experience in education sector |
| TEAM LEADER | Any degree with 1 - 2 years of experience in education sector |

"Freshers can also apply"

LOCATIONS
Andal, Andul, Asansol, Bardhaman, Barasat, Basirhat, Bally, Berhampore, Bhowanipore, Belgharia, Contai, Coochbehar, Darjeeling, Durgapur, Dagapur, DVC Raghunathpur, Fulbari, Haldia, Howrah, Jiaganj, Joka, Khidderpore, KWIC- Howrah, Kalimpong, Kalyani Town, Krishnanagar, Maheshtala, Malda, Midnapore, Newtown, New Market, Park Circus, Ranaghat, Rishra, Raiganj, Ramchandrapur, Siliguri, Silapara, Sodepur, Sonarpur, Uluberia

+91 91472 22336
Mail your resume to: wbmarketing@narayanagroup.com

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

## প্রিলিমিনারি পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

### প্রথম সেট

1.'E-1 টোর' শব্দটি কোন মহামারীর সঙ্গে যুক্ত?
(a) কলেরা (b) জলবসন্ত (c) হাম (d) টাইফয়েড
2. বিখ্যাত বাংলা চলচ্চিত্র 'আলো' কোন লেখকের কাহিনী অবলম্বনে নির্মিত?
(a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (b) বিমল মিত্র (c) সুবোধ ঘোষ (d) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
3. 'বক্সিং ডে' ক্রিকেট টেস্ট ম্যাচগুলি অস্ট্রেলিয়ার কোন শহরে প্রতি বছর অনুষ্ঠিত হয়?
(a) সিডনি (b) ব্রিসবেন (c) মেলবোর্ন (d) অ্যাডিলেড
4. মারাঠি ভাষায় কোন সবজির অপর নাম 'ভোপলা'?
(a) লাউ (b) কুমড়ো (c) বেগুন (d) পটল
5. ওস্তাদ বড়ে গোলাম আলি খান কোন ঘরানার শিল্পী ছিলেন?
(a) কিরানা (b) পাটিয়ালা (c) হিন্দুস্থানী (d) সেনিয়া বাঙ্গাস
6. হিন্দু পুরাণ অনুযায়ী কোন দেবতার আদেশে ঋষি বাল্মীকি রামায়ণ রচনা করেছিলেন?
(a) ব্রহ্মা (b) বিষ্ণু (c) শিব (d) গণেশ
7. ভারতীয় সঙ্গীত জগতে শান্তারাম কুন্ডলকর ও রামপ্রসাদ শর্মা জুটিটি কী নামে অধিক পরিচিত?
(a) শিব-হরি (b) স্বপন জগমোহন (c) লক্ষ্মীকান্ত প্যায়ারেলাল (d) কল্যাণজি-আনন্দজি
8. 'জুনিপার বেরী কোন অ্যালকোহলযুক্ত পানীয়ের প্রধান উপাদান?
(a) সেক (b) বিয়ার (c) জিন (d) ভদকা
9. নীচের কোন মুদ্রার অপর নাম 'গ্রিনব্যাক'?
(a) ডলার (b) ইয়েন (c) পাউন্ড (d) স্টারলিং
10. কোন গ্রহকে 'সবুজ গ্রহ' বলা হয়?
(a) শনি (b) মঙ্গল (c) পৃথিবী (d) ইউরেনাস
11. প্লুটো (বামন গ্রহটি) কোন সালে আবিষ্কৃত হয়েছিল?
(a) 1926 সালে (b) 1930 সালে (c) 1934 সালে (d) 1936 সালে
12. ভারতের কোন প্রাক্তন প্রধানমন্ত্রী 17টি ভাষায় কথা বলতে পারতেন?
(a) ভি পি সিংহ (b) মোরারজি দেশাই (c) ইন্দ্রকুমার গুজরাল (d) পি ভি নরসীমা রাও
13. 'Damned one, Get out of here' গ্রন্থটি কোন বিখ্যাত ব্যক্তি লিখেছেন?
(a) নীল আর্মস্ট্রং (b) বিল ক্লিন্টন (c) সাদ্দাম হুসেন (d) এডমন্ড হিল্যারি
14. UNICEF-এর মুখ্য কার্যালয় কোথায় অবস্থিত?
(a) জেনেভা (b) রোম (c) নিউ ইয়র্ক (d) ওয়াশিংটন ডিসি
15. প্রথম বাঙালি হিসেবে কে ভারতরত্ন পেয়েছিলেন?
(a) আশাপূর্ণা দেবী (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) সত্যজিৎ রায় (d) বিধানচন্দ্র রায়
16. 'সত্যমেব জয়তে' কথাটি কোথা থেকে নেওয়া হয়েছে?
(a) মুন্ডক উপনিষদ (b) আরণ্যক (c) বৃহৎ উপনিষদ (d) অথর্ব বেদ
17. একনাথ সোলকার কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) লন টেনিস (b) দাবা (c) ক্রিকেট (d) ফুটবল
18. হলমার্ক ছাপ কীসের সঙ্গে যুক্ত?
(a) WTO বৈঠক (b) সোনার গয়নার বিশুদ্ধতা (c) মুক্ত বাণিজ্য অঞ্চল (d) GATT চুক্তিবদ্ধ দেশ
19. বিশ্বের বৃহত্তম সীমারেখা কোনটি?
(a) র‍্যাডক্লিফ লাইন (b) ম্যাকমোহন লাইন (c) 49তম প্যারালাল লাইন (d) 58তম প্যারালাল লাইন
20. অক্টারলোনি মনুমেন্টের বর্তমান নাম কী?
(a) মুম্বই চার্জ (b) সেন্ট জর্জ ফোর্ট (c) ট্রাফালগার স্কোয়ার (d) শহীদ মিনার
21. 'নববিধানের' প্রতিষ্ঠাতা কে?
(a) রাজা রামমোহন রায় (b) রামগোপাল ঘোষ (c) কেশবচন্দ্র সেন (d) নবীনচন্দ্র বড়াল
22. 'সাত সাগরের পারে' কার আত্মজীবনী?
(a) অমর্ত্য সেন (b) শুভাপ্রসন্ন (c) উদয়শঙ্কর (d) অমলাশঙ্কর
23. হর্ষবর্ধন কোন রাজার সঙ্গে যুদ্ধে পরাজিত হন?
(a) কৃষ্ণদেব রায় (b) নরসিংহ বর্মন (c) রাজারাজা (d) দ্বিতীয় পুলকেশী
24. 'যক্ষগণা নাচ' মূলত কোন প্রদেশের আদি নৃত্য?
(a) কর্নাটক (b) কেরালা (c) মিজোরাম (d) মণিপুর
25. 'শিলাদার' নামক সেনাবাহিনী কার তৈরি?
(a) শেরশাহ (b) শিবাজি (c) আকবর (d) বাবর
26. মহাত্মা গান্ধী মেরিন ন্যাশনাল পার্ক ভারতের কোথায় অবস্থিত?
(a) গোয়া (b) কোচি (c) বিশাখাপত্তনম (d) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ
27. ম্যাগসাইসাই পুরস্কারপ্রাপ্ত প্রথম মহিলা বাঙালি সাহিত্যিক কে?
(a) আশাপূর্ণা দেবী (b) নবনীতা দেব সেন (c) মহাশ্বেতা দেবী (d) কেউই নন
28. কোন মৌলের অপর নাম 'Quick Silver'?
(a) বেরিয়াম (b) ক্লোরিন (c) অ্যালুমিনিয়াম (d) পারদ
29. ইউরিয়ার রাসায়নিক নাম কী?
(a) ফসজিন (b) কার্বনিক অক্সাইড (c) কার্বামাইড (d) কার্বাইড
30. 'বীরবল সাহানি ইনস্টিটিউট অব প্যালিওবোটানি কোথায় অবস্থিত?
(a) লখনউ (b) এলাহাবাদ (c) কোলকাতা (d) আজমীর
31. বৃক্কে যে স্টোন পাওয়া যায়, সেটি রাসায়নিক ভাবে:
(a) ক্যালসিয়াম সালফেট (b) ক্যালসিয়াম অক্সালেট (c) ক্যালসিয়াম নাইট্রেট (d) ক্যালসিয়াম অক্সাইড
32. 'বৃহৎ সংহিতা' গ্রন্থটি কে রচনা করেন?
(a) ব্রহ্মগুপ্ত (b) আর্যভট্ট (c) বরাহ মিহির (d) প্রেমানন্দ
33. কোন বিজ্ঞানীর ছদ্মনাম ছিল dp/dt ?
(a) প্যাভলভ (b) চার্লস ডারউইন (c) আইজ্যাক নিউটন (d) জে সি ম্যাক্সওয়েল
34. ভারতে 'ইকতাদারি' নিয়মের প্রবর্তক কে?
(a) কুতুবউদ্দিন আইবক (b) ইলতুৎমিস (c) রাজিয়া সুলতানা (d) মোবারক শাহ
35. ক্রেডিট কন্ট্রোল অপারেশন' কে নিয়ন্ত্রণ করেন?
(a) রাজ্যসভা (b) ফিনান্স কমিশন (c) প্ল্যানিং কমিশন (d) রিজার্ভ ব্যাঙ্ক
36. সারা ভারত কিষাণ সভার প্রথম সভাপতি কে ছিলেন?
(a) রামমনোহর লোহিয়া (b) স্বামী সহজানন্দ সরস্বতী (c) এন জি রঙ্গ (d) সুবির প্রামাণিক
37. 'নীলদর্পণ' ইংরেজিতে কে অনুবাদ করেছিলেন?
(a) মধুসূদন দত্ত (b) রেভারেন্ড জেমস লঙ (c) কালিপ্রসন্ন সিংহ (d) হরিশচন্দ্র মুখার্জি
38. পৃথিবীর প্রথম মোবাইল ফোন ভাইরাস কোনটি?
(a) Reo (b) Cosmos (c) James (d) Cabir
39. দ্বাদশ অর্থ কমিশনের চেয়ারম্যান কে ছিলেন?
(a) মনমোহন সিং (b) সি রঙ্গরাজন (c) ওয়াই রেড্ডি (d) কে পি পন্থ
40. টোটাল ফুটবলের জনক কাকে বলা হয়?
(a) ববি চার্লটন (b) রেনাস মিশেলস (c) জর্জ বেস্ট (d) বেকেনবাওয়ার
41. প্রাক্তন মার্কিন রাষ্ট্রপতি বিল ক্লিন্টনের আত্মজীবনীটির নাম কী?
(a) My side (b) My Story (c) My Life (d) Early Years
42. 'The Miracle Worker' চলচ্চিত্রটি কোন ব্যক্তির জীবন অনুসারে নির্মিত হয়েছে?
(a) রিচার্ড নিক্সন (b) রানী এলিজাবেথ (c) মার্লন ব্যাভো (d) হেলেন কেলার
43. সিরাজদ্দৌলার মাতার নাম কী ছিল?
(a) ঘসেটি বেগম (b) লাডলি বেগম (c) আমিনা বেগম (d) হামিদা বেগম
44. ETA নামক উগ্রবাদী দল কোথায় ছিল?
(a) স্পেন (b) রাশিয়া (c) নাইজেরিয়া (d) গ্রেট ব্রিটেন
45. কম্পিউটারে ব্যবহৃত 'আই সি চিপস' কী দ্বারা তৈরি?
(a) দস্তা (b) সিলিকন (c) ক্রোমিয়াম (d) সোনা
46. রেডিও কার্বন ডেটিং টেকনিক দ্বারা কীসের বয়স নির্ধারণ করা হয়?
(a) প্রস্তর (b) স্থাপত্য (c) মৃত্তিকা (d) জীবাশ্ম
47. অ্যানাস্থেটিক দ্রব্য হিসাবে নিম্নলিখিত কোন দ্রব্যটি ব্যবহার করা হয়?
(a) জেনন (b) বোরন (c) হিলিয়াম (d) কার্বন ডাই অক্সাইড
48. পার্কের পদ্ধতি দ্বারা কোন ধাতু নিষ্কাশন করা হয়?
(a) লোহা (b) তামা (c) রুপো (d) দস্তা
49. কোন বর্ণের রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য সব থেকে বেশি?
(a) লাল (b) নীল (c) হলুদ (d) সবুজ
50. দিল্লির শেষ হিন্দু রাজা কে?
(a) রাণা প্রতাপ (b) জয়চাঁদ (c) হেমচন্দ্র বিক্রমাদিত্য (d) রতন সিং
51. মাছ ধরার ছিপ কোন ধরনের লিভার?
(a) প্রথম শ্রেণী (b) দ্বিতীয় শ্রেণী (c) তৃতীয় শ্রেণী (d) চতুর্থ শ্রেণী
52. সি ভি রমন কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?
(a) 1925 (b) 1930 (c) 1932 (d) 1934
53. গরুর দুধ কোন ভিটামিনে সমৃদ্ধ?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-C (c) ভিটামিন-K (d) কোনওটিই নয়
54. নীচের কোন দূরত্বকে 1 মাইক্রন বলা হয়?
(a) $10^{-12}$ cm (b) $10^{-6}$ cm (c) $10^{-4}$ cm (d) $10^{-11}$ cm
55. 'রামচরিত'-এর রচয়িতা কে?
(a) তুলসী দাস (b) সন্ধ্যাকর নন্দী (c) কাশীরাম দাস (d) বিশাখ দত্ত
56. ব্যাক্টেরিয়ার ক্রোমোজোম সংখ্যা কত?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
57. বিখ্যাত শিল্পী আমির খসরু যে সংগীতের প্রবর্তক ছিলেন?
(a) খেয়াল (b) গজল (c) খেমটা (d) ভজন
58. সমস্ত প্রকার অ্যাসিডেই নীচের কোন উপাদানটি বর্তমান?
(a) ক্লোরিন (b) সালফার (c) হাইড্রোজেন (d) অক্সিজেন
59. 'হিন্দু ভিউ অফ লাইফ' গ্রন্থের রচয়িতা কে?
(a) জওহরলাল নেহরু (b) অরবিন্দ ঘোষ (c) ডঃ এস রাধাকৃষ্ণান (d) চিত্তরঞ্জন দাশ
60. এশিয়াটিক সোসাইটি কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1784 (b) 1789 (c) 1791 (d) 1793
61. কোন গভর্নর জেনারেলের আমলে সিন্ধুপ্রদেশ ব্রিটিশ সাম্রাজ্যের সঙ্গে যুক্ত হয়?
(a) লর্ড মেয়ো (b) লর্ড এলেন বোরো (c) লর্ড ক্যানিং (d) লর্ড চেসম ফোর্ড
62. রামমোহন রায়কে কে 'রাজা' উপাধি দেন?

এরপর নয়ের পাতায়

## সাধারণ মানসিক দক্ষতা

### অনুশীলনী

1. যদি '+' মানে '–', '–' মানে '×', '×' মানে '÷' এবং '÷' মানে '+' হয়, তাহলে, 25 × 5 ÷ 30 + 8 – 2 = ?
(a) 19 (b) 54 (c) 15 (d) 18
2. নীচের কোন বিকল্পটি বসালে শ্রেণি সারিটি সম্পূর্ণ হবে?
a ___ baa ___ aaba ___ ca ___ b.
(a) acaa (b) abac (c) bcca (d) ccaa
3. যদি একটি নির্দিষ্ট কোডে PAPER-কে লেখা হয় OZODQ, তবে PENCIL-কে কী লেখা হবে?
(a) ODMBHK (b) QFODJM (c) OFOBHM (d) ODMDJM
4. প্রদত্ত শব্দের বর্ণগুলি দিয়ে নীচের কোন শব্দটি গঠন করা যাবে না?
NECESSARY
(a) RACE (b) NICE (c) ESSAY (d) EASY
5. নীচের কোন বিকল্পটি প্রদত্ত সেটের সঙ্গে সাদৃশ্যযুক্ত?
প্রদত্ত সেট (14, 20, 3)
(a) (4, 8, 16) (b) (7, 13, 3) (c) (5, 10, 15) (d) (3, 6, 9)
6. '?' স্থানে সংখ্যাটি কী বসবে?




(a) 22 (b) 23 (c) 19 (d) 20
7. অরূপ উত্তর দিকে 3 কিলোমিটার যাওয়ার পর বাঁদিকে ঘোরে এবং 2 কিলোমিটার যায়। তারপর সে আবার বাঁদিকে ঘুরে 3 কিলোমিটার যায়। তারপর ডানদিকে ঘুরে সোজা যায়। কোন দিকে সে এখন হাঁটছে?
(a) দক্ষিণ (b) পূর্ব (c) পশ্চিম (d) উত্তর
8. নীচের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 18 (b) 20 (c) 25 (d) 26
9. নীচের প্রতিটি শব্দের বর্ণগুলিকে যথাযথভাবে সাজিয়ে এমন একটি অর্থবোধক শব্দে পরিণত করুন, যা একটি নির্দিষ্ট খেলাকে নির্দেশ করে:
(a) KESAN (b) OOGYZLO (c) OABTFLOL (d) NARHAYA
10. কোনও একটি সাংকেতিক ভাষায় 583-এর অর্থ হল 'আকাশ হয় নীল', 584-এর অর্থ হল 'নীল হয় ভালো', 639-এর অর্থ হল 'আকাশে তারা আছে'। আকাশের সংকেত কী হবে?
(a) 4 (b) 3 (c) 6 (d) 8
11. 5 জন খেলোয়াড়ের একটি দলে Q, R, T--এর মধ্যে কেউ টেনিস, কেউ দাবা ও কেউ হকি খেলে। P এবং S অবিবাহিতা মহিলা এবং কোনও খেলায় অংশ নেয় না। T, R-এর স্বামী। কোনও মহিলাই দাবা বা হকি খেলে না। Q, R-এর ভাই এবং সে দাবা বা টেনিস খেলে না। হকি খেলোয়াড় কে?
(a) R (b) T (c) Q (d) P
12. নীচের সংখ্যাশ্রেণিতে একটি ভুল পদ আছে। প্রদত্ত বিকল্পগুলি থেকে ভুল পদটিকে চিহ্নিত করুন:
3, 4, 10, 32, 136, 685, 4116
(a) 32 (b) 136 (c) 685 (d) 4
13. যদি দুধ : ছানা হয় তবে ধান : ? হবে?
(a) চাল (b) চাষি (c) মাঠ (d) খড়
14. একজন লোককে দেখিয়ে এক মহিলা বললেন, 'সে আমরা মায়ের মায়ের একমাত্র ছেলে।' মহিলাটি লোকটির কে হয়?
(a) কাকিমা (b) মা (c) ভাগনি (d) বোন
15. নীচের কোনটি খেলাধুলা, ক্রিকেট, ফুটবল ও হকির মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

16. নিম্নলিখিত চিত্রটিতে (?) চিহ্ন স্থানে কোন সংখ্যা বসবে?




(a) 25 (b) 27 (c) 23 (d) 26
17. লুপ্ত পদটি খুঁজে বের করুন:

| | | |
|---|---|---|
| 4 | 10 | 22 |
| 8 | 5 | 14 |
| 10 | 3 | ? |

(a) 14 (b) 13 (c) 12 (d) 11
18. প্রদত্ত বিকল্পগুলো থেকে সঠিক পদটি নির্ণয় করুন: 8 : 81 : : 64 : ?
(a) 137 (b) 625 (c) 125 (d) 525
19. নীচের দেওয়া বিকল্পগুলোর মধ্যে কোনটি আলাদা?
(a) DEB (b) HIF (c) NOL (d) RTP
20. যদি মেঘকে বলা হয় বৃষ্টি। বৃষ্টিকে বলা হয় জল। জলকে বলা হয় মাছ। মাছকে বলা হয় জাল এবং জালকে বলা হয় বাতাস। তাহলে জেলেরা কী দিয়ে মাছ ধরে?

এরপর এগারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) মুঘল সম্রাট দ্বিতীয় আকবর (b) বাহাদুর শাহ জাফর (c) নানাসাহেব (d) অজিত সিং

63. নেপচুন গ্রহের উপগ্রহের সংখ্যা ক'টি?
(a) 12টি (b) 10টি (c) 16টি (d) 7টি

64. মার্কিন রিপাবলিকান দলের প্রতীক কী?
(a) হাতি (b) ঘোড়া (c) গাধা (d) পায়রা

65. জওহরলাল নেহরু কত সালে জন্মগ্রহণ করেন?
(a) 1889 (b) 1893 (c) 1895 (d) 1897

66. 1949 সালে সংবিধান রচনার পর সংবিধানে কতগুলি ধারা ছিল?
(a) 390টি (b) 392টি (c) 372টি (d) 395টি

67. ভারতের সর্বোচ্চ আইনরক্ষক বা ল অফিসার কে?
(a) সলিসিটার জেনারেল (b) অ্যাটর্নি জেনারেল (c) আইন মন্ত্রক (d) কেউই নন

68. 'উড়ন্ত শিখ' কাকে আখ্যায়িত করা হয়?
(a) জগজিৎ সিং (b) জ্যোতির্ময়ী শিকদার (c) মিলখা সিং (d) কেউই নন

69. হিন্দির পরে ভারতে সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষা কোনটি?
(a) তামিল (b) কন্নড় (c) তেলুগু (d) বাংলা

70. সোনার প্যাগোডার দেশ বলা হয়:
(a) মায়ানমারকে (b) নেপালকে (c) চিনকে (d) জাপানকে

71. ম্যাকমোহন লাইন ভারত ও —— সীমান্ত রেখা।
(a) পাকিস্তানের (b) নেপালের (c) বাংলাদেশের (d) চিনের

72. ভারতে STD সার্ভিস কবে চালু হয়েছে?
(a) 1930 সালে (b) 1950 সালে (c) 1960 সালে (d) 1970 সালে

73. টাঙ্গন কোন নদীর উপনদী?
(a) পুনর্ভবা (b) তিস্তা (c) সুবর্ণরেখা (d) জলঢাকা

74. জামা মসজিদ নির্মাণ কে করেন?
(a) আকবর (b) শাহজাহান (c) শেরশাহ (d) জাহাঙ্গির

75. শচীন তেন্ডুলকর কেবলমাত্র একবারই যে দলের হয়ে কাউন্টি খেলেছিলেন সেটি হল:
(a) ল্যাঙ্কাশায়ার (b) কেন্ট (c) ইয়র্কশায়ার (d) সমারসেট

76. দু'টি সংখ্যার অনুপাত 7 : 8 এবং তাদের গ.সা.গু 6, সংখ্যা দু'টির পার্থক্য কত?
(a) 3 (b) 4 c) 5 (d) 6

77. $\frac{3}{4}, \frac{6}{7}$ ও $\frac{9}{8}$-এর গ.সা.গু নির্ণয় করুন:
(a) $\frac{3}{32}$ (b) $\frac{2}{25}$ (c) $\frac{3}{56}$ (d) কোনওটিই নয়

78. কোনও দু'টি সংখ্যার গ.সা.গু 32 এবং ল.সা.গু 320। একটি সংখ্যা 64 হলে অন্য সংখ্যাটি কত হবে?
(a) 158 (b) 160 (c) 162 (d) 164

79. বড় সংখ্যাটি ছোট সংখ্যার দ্বিগুণ। দু'টি সংখ্যার গড় 243 হলে ছোট সংখ্যাটি কত?
(a) 160 (b) 161 (c) 163 (d) কোনওটিই নয়

80. যদি 10টি সংখ্যার গড় 10 হয় এবং তিনটি সংখ্যা যথাক্রমে 5, 12 ও 20. তাহলে বাকি সংখ্যাগুলির গড় নির্ণয় করুন:
(a) 7 (b) 8 (c) 9 (d) 10

81. 7টি ক্রমিক সংখ্যার গড় 20 হলে, বড় সংখ্যাটি কত?
(a) 20 (b) 21 (c) 22 (d) 23

82. 7, 8, x ও 12-এর গড় 74 হলে x-এর মান কত হবে?
(a) 4 (b) 6 (c) 7 (d) 8

83. $\sqrt[3]{4\frac{12}{125}} = ?$
(a) $1\frac{1}{5}$ (b) $1\frac{2}{5}$ (c) $1\frac{3}{5}$ (d) $1\frac{4}{5}$

84. $(10^{0.16} \times 2^{0.36})$-এর সরলতম মান কত?
(a) 8 (b) 6 (c) 4 (d) 2

85. $\frac{1}{2\frac{1}{3}} + \frac{1}{1\frac{3}{4}} = ?$
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

86. যদি $\frac{x}{2y} = \frac{3}{2}$ হয় তাহলে $\frac{2x}{x-2y} = ?$
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

87. সরলতম মান নির্ণয় করুন:
$1 + \frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{8}$
(a) $1\frac{3}{8}$ (b) $1\frac{5}{8}$ (c) $1\frac{5}{7}$ (d) $1\frac{7}{8}$

88. $\sqrt{\frac{324}{x}} = 2$ হলে x = ?
(a) 51 (b) 61 (c) 71 (d) 81

89. কোনও যৌথ ব্যবসায় তিন বন্ধুর মূলধন যথাক্রমে 200 টাকা, 150 টাকা, ও 250 টাকা, একই সময় পরে তাদের লভ্যাংশের অনুপাত কত হবে?
(a) 2 : 3 : 4 (b) 4 : 3 : 5 (c) 1 : 3 : 2 (d) 3 : 4 : 5

90. 12 : 39 : : 16 : ?
(a) 38 (b) 40 (c) 45 (d) 52

91. A : 4.8 = 9.6 : 2.4 হলে A = ?
(a) 18 (b) 19.2 (c) 19.3 (d) 19.4

92. 6060 টাকা $\frac{1}{3} : \frac{1}{2} : \frac{1}{6}$ অনুপাতে ভাগ করে দিলে 2য় অংশ কত টাকা পাবে?
(a) 3000 টাকা (b) 3020 টাকা (c) 3030 টাকা (d) 3040 টাকা

93. A, B, C-এর মধ্যে কোনও টাকা 3 : 7 : 5 অনুপাতে ভাগ করে দিলে A ও B-এর টাকার পার্থক্য 7600 টাকা হলে C কত টাকা পাবে?
(a) 9500 টাকা (b) 8500 টাকা (c) 75000 টাকা (d) 6500 টাকা

94. দু'টি সংখ্যার যোগফল 40 ও তাদের অন্তর 4 হলে সংখ্যা দুটির অনুপাত কত?
(a) 9 : 11 (b) 11 : 9 (c) 8 : 7 (d) 6 : 5

95. A : B = 2 : 3, B : C = 5 : 8 এবং C : D = 9 : 10, D-এর মান 56 হলে A-এর মান কত?
(a) 21 (b) 19 (c) 17 (d) 16

96. 5625 টাকা A, B, C-এর মধ্যে এমনভাবে ভাগ করা হল, যাতে A : B : C হয় 15 : 7 ; 3, এক্ষেত্রে B অপেক্ষা A কত টাকা বেশি পাবে?
(a) 1600 টাকা (b) 1700 টাকা (c) 1800 টাকা (d) 1850 টাকা

97. কোনও নির্দিষ্ট টাকার বাৎসরিক 5% হারে 3 বছর ও 4 বছরের সুদের পার্থক্য 42 টাকা হলে, প্রথম কত টাকা ছিল?
(a) 730 (b) 825 (c) 840 (d) 850

98. 500 টাকা 5 বছর পর সুদে-আসলে 625 টাকা হলে, সুদের শতকরা হার কত?
(a) 3% (b) 5% (c) 6% (d) 6.5%

99. 10% সুদের বিনিয়োগের টাকা কত বছরে তিনগুণ হবে?
(a) 20 (b) 15 (c) 12 (d) 10

100. একটি নৌকা স্রোতের প্রতিকূলে 13 কিলোমিটার যায় 52 মিনিটে। স্রোতের গতিবেগ 2 কিলোমিটার/ঘণ্টা হলে, নৌকার গতিবেগ কত?
(a) 14 কিমি/ঘণ্টা (b) 15 কিমি/ঘণ্টা (c) 16 কিমি/ঘণ্টা (d) 17 কিমি/ঘণ্টা

#### উত্তর

1(a), 2(b), 3(c), 4(b), 5(b), 6(a), 7(c), 8(c), 9(a), 10(d), 11(b), 12(d), 13(c), 14(c), 15(d), 16(a), 17(c), 18(b), 19(c), 20(d), 21(c), 22(d), 23(d), 24(a), 25(b), 26(d), 27(c), 28(d), 29(c), 30(a), 31(b), 32(c), 33(d), 34(b), 35(d), 36(b), 37(a), 38(d), 39(b), 40(b), 41(c), 42(d), 43(c), 44(a), 45(b), 46(d), 47(a), 48(c), 49(a), 50(c), 51(c), 52(b), 53(a), 54(c), 55(b), 56(a), 57(a), 58(c), 59(c), 60(a), 61(b), 62(a), 63(c), 64(a), 65(a), 66(d), 67(b), 68(c), 69(d), 70(a), 71(d), 72(c), 73(a), 74(b), 75(c), 76(d), 77(c), 78(b), 79(d), 80(c), 81(d), 82(a), 83(c), 84(d), 85(a), 86(c), 87(d), 88(d), 89(b), 90(d), 91(b), 92(c), 93(a), 94(b), 95(a), 96(c), 97(c), 98(b), 99(a), 100(d).

#### সমাধান

76(d): সংখ্যা দু'টি হল 7x, 8x
7x, 8x-এর গ.সা.গু = x ∴ x = 6
পার্থক্য = (48 – 42) = 6 [সংখ্যা দু'টি হল 7 × 6, 6 × 8 = 42, 48]

77(c): $\frac{\text{লবের গ.সা.গু}}{\text{হরের ল.সা.গু}} = \frac{3}{36}$

| | | | |
|---|---|---|---|
| 2 | 4 | 7 | 8 |
| 2 | 2 | 7 | 4 |
| | 1 | 7 | 2 |

78(b): প্রশ্নানুযায়ী, $\frac{32 \times 320}{64} = 160$.

79(d): ছোট সংখ্যাটি = x ∴ x + 2x = 2 × 243
or, 3x = 2 × 243 or, $x = \frac{2 \times 243}{3} = 162$.

80(c): 10টি সংখ্যার সমষ্টি = 10 × 10 = 100
3টি সংখ্যার সমষ্টি = 5 + 12 + 20 = 37
বাকি 7টি সংখ্যার সমষ্টি = (100 – 37) = 63
বাকি 7টি সংখ্যার গড় = 63 ÷ 7 = 9.

81(d): 7টি ক্রমিক সংখ্যার গড় হবে মধ্যবর্তী সংখ্যাটি
ধরা যাক, মধ্যবর্তী সংখ্যাটি হল = n ∴ n = 20
সংখ্যাগুলি হল n – 3, n – 2, n – 1, n + 1, n + 2, n + 3
বড় সংখ্যাটি হল = n + 3 = 20 + 3 = 23.

82(a): $7.4 = \frac{6+7+8+x+12}{5} \Rightarrow 7.4 \times 5 = 33 + x \Rightarrow 37 = 33 + x \Rightarrow x = 4$.

83(c): $\sqrt[3]{4\frac{12}{125}} = \sqrt[3]{\frac{512}{125}} = \sqrt[3]{\left(\frac{8}{5}\right)^3} = \left(\frac{8}{5}\right)^{3 \times \frac{1}{3}} = \frac{8}{5} = 1\frac{3}{5}$.

84(d): $16^{0.16} \times 2^{0.36} = 2^{4 \times .16 + 0.36} = 2^{.64 + .36} = 2^1 = 2$.

85(a): $\frac{1}{1/3} + \frac{1}{7/4} = \frac{3}{7} + \frac{4}{7} = \frac{3+4}{7} = 1$.

86(c): $\frac{x}{2y} = \frac{3}{2} \Rightarrow x = 2y \times \frac{3}{2} = 3y$
$\therefore \frac{2x+y}{x-2y} = \frac{2 \times 3y + y}{3y - 2y} = \frac{7y}{y} = 7$.

87(d): $\frac{8+4+2+1}{8} = \frac{15}{8} = 1\frac{7}{8}$

88(d): $\sqrt{\frac{324}{x}} = 2 \Rightarrow \frac{324}{x} = 4 \Rightarrow x = \frac{324}{4} = 81$.

89(b): তিন জনের বিনিয়োগের অনুপাত হল = 200 : 150 : 250 = 4 : 3 : 5.

90(d): $12 : 39 :: 16 : x \Rightarrow \frac{12}{39} = \frac{16}{x} \Rightarrow x = \frac{39 \times 16}{12} = 52$.

91(b): $\frac{A}{4.8} = \frac{9.6}{2.4} \Rightarrow A = \frac{9.6 \times 4.8}{2.4} = 9.6 \times 2 = 19.2$.

92(c): প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অংশের প্রাপ্য টাকার অনুপাত
$\frac{1}{3} : \frac{1}{2} : \frac{1}{6} = 2 : 3 : 1$.
দ্বিতীয় অংশ পাবে $= \frac{3}{6} \times 6060 = 3030$ টাকা।

93(a): ধরা যাক, A, B, C পাবে যথাক্রমে 3x, 7x ও 5x টাকা
$\therefore 7x - 3x = 7600 \Rightarrow 4x = 7600 \Rightarrow x = \frac{7600}{4} = 1900$ টাকা
∴ C পাবে = 5 × 1900 টাকা = 9500 টাকা।

94(b): ধরা যাক, সংখ্যা দু'টি A ও B
∴ A + B = 40 ও A – B = 4
∴ 2A = 40 + 4 = 44 ∴ A = 22
⇒ A = 22 ও B = A - 4 = 22 – 4 = 18.

95(a): $\frac{A}{B} \times \frac{B}{C} \times \frac{C}{D} = \frac{2}{3} \times \frac{5}{8} \times \frac{9}{10}$
বা, $\frac{A}{D} = \frac{3}{8}$ বা, $A = \frac{3}{8} \times D$
∴ A-এর মান হবে $= \frac{3}{8} \times 56 = 21$

96(c): B অপেক্ষা A বেশি পাবে $= \frac{8}{25} \times 5625 = 1800$ টাকা।

97(c): 1 বছরের সুদ = 42 টাকা
আসল = (সুদ × 100) ÷ (হার × সময়) $= \frac{42 \times 100}{5 \times 1} = 840$ টাকা।

98(b): সুদের পরিমাণ = (625 – 500) = 125 টাকা
500 টাকার 5 বছরের সুদ = 125 টাকা
100 টাকার 1 বছরের সুদ $= \frac{125 \times 100}{500 \times 5} = 5\%$.

99(a): ধরা যাক, x টাকা বিনিয়োগ করেছিল, এর 3 গুণ = 3x টাকা
তাহলে সুদ হবে = 3x – x = 2x টাকা
∴ সময় $= \frac{\text{সুদ} \times 100}{\text{আসল} \times \text{হার}} = \frac{2x \times 100}{x \times 10} = 20$ বছর

100(d): স্রোতের প্রতিকূলে গতিবেগ $= \frac{13}{52} \times 60$ কিমি/ঘণ্টা
= 15 কিমি/ঘণ্টা
∴ নৌকার বেগ – স্রোতের বেগ = 15
বা, নৌকার বেগ – 2 = 15 বা, নৌকার বেগ = 15 + 2 = 17
∴ নৌকার বেগ = 17 কিমি/ঘণ্টা।

#### দ্বিতীয় সেট

1. 'মুদ্রারাক্ষস' কে রচনা করেন?
(a) নাগসেন (b) বাণভট্ট (c) বিশাখদত্ত (d) শূদ্রক

2. 'ফাইকোলজি' কোন সংক্রান্ত বিদ্যা?
(a) শৈবাল (b) পাখি (c) মাছ (d) ব্যাঙ

3. দিল্লির রাজঘাট কার সমাধিস্থল?
(a) মহাত্মা গান্ধী (b) ইন্দিরা গান্ধী (c) রাজীব গান্ধী (d) সঞ্জয় গান্ধী

4. প্রতি বছর জাতীয় ভোটার দিবস কবে পালিত হয়?
(a) 25 জানুয়ারি (b) 24 জানুয়ারি (c) 22 জানুয়ারি (d) 21 জানুয়ারি

5. 'বোলান' লোকসংস্কৃতির সঙ্গে পশ্চিমবঙ্গের কোন অঞ্চলটি বিশেষভাবে সম্পর্কিত?
(a) পুরুলিয়া ও ঝাড়গ্রাম (b) দক্ষিণ ও উত্তর ২৪ পরগনা (c) পূর্ব ও পশ্চিম মেদিনীপুর (d) নদিয়া ও মুর্শিদাবাদ

6. ভারতের জাতীয় ক্যালেন্ডার কোন শকাব্দ অনুসরণ করে?
(a) গুপ্ত শক (b) কলি শক (c) শালিবান শক (d) বিক্রম শক

7. 'চল্লিশ চক্র' কে চালু করেন?
(a) আলাউদ্দিন খিলজি (b) ইলতুৎমিস (c) মহম্মদ বিন তুঘলক (d) আকবর

8. ওদন্তপুরী বিশ্ববিদ্যালয় কে প্রতিষ্ঠা করেছিলেন?
(a) ধর্মপাল (b) গোপাল (c) রামপাল (d) নন্দপাল

9. 'মিকি মাউস' কমিক্স চরিত্রের স্রষ্টা কে?
(a) বিল ওয়াটস (b) বব মান্টানা (c) ওয়াল্টার ডিজনি (d) জে কে রাউলিং

10. শব্দের কত প্রাবল্যে সিস্টোলিক রক্তচাপ বৃদ্ধি পায়?
(a) 90 db-এর বেশি (b) 150 db-এর বেশি (c) 65 db-এর বেশি (d) 100 db-এর বেশি

11. ইবন বতুতা কোন দেশ থেকে ভারতে এসেছিলেন?
(a) আরব (b) মরক্কো (c) ইতালি (d) মিশর

12. একটি ধাতব রিং-কে উত্তপ্ত করলে রিংটির কী পরিবর্তন হবে?
(a) রিংটি বেঁকে যাবে ও গোল থাকবে না (b) রিংটি প্রসারিত হবে ও গোল থাকবে (c) রিংটি ধাতব পাতে পরিণত হবে (d) ওপরের সবক'টি হতে পারে

13. একটি 'এক্সটেনসর' পেশির উদাহরণ:
(a) ট্রাইসেপস (b) বাইসেপস (c) ডেলটয়েড (d) ল্যাটিসিমস ডরসি

14. 'মিথাইল অরেঞ্জ'-এর অ্যাসিডিক দ্রবণ কী রং-এর হবে?
(a) কমলা (b) হলুদ (c) লাল (d) বর্ণহীন

15. প্লাস্টার অফ প্যারিসে জল মেশানো হলে কী তৈরি হয়?
(a) ক্যালসিয়াম হাইড্রক্সাইড (b) ক্যালসিয়াম হেমিহাইড্রেট (c) ক্যালসিয়াম সালফেট-ডাই-হাইড্রেট (d) সোডিয়াম হাইড্রোক্সাইড

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

16. 'ইন্ডিয়া উইনস ফ্রিডম' বইটি কার লেখা?
(a) জওহরলাল নেহরু (b) মহাত্মা গান্ধী (c) মৌলানা আবুল কালাম আজাদ (d) রবীন্দ্রনাথ ঠাকুর
17. বর্ষা নির্ভর মালভূমি অঞ্চলের একটি নদীর উদাহরণ হল:
(a) নর্মদা (b) ব্রহ্মপুত্র (c) গঙ্গা (d) যমুনা
18. 'ইমিউনোগ্লোবুলিন' কী?
(a) অ্যান্টিবডি (b) অ্যাডোজেনাস (c) অ্যান্টিজেন (d) অ্যান্টিবায়োটিক
19. 1946 সালের নৌ বিদ্রোহে কারা অংশগ্রহণ করেছিল?
(a) ইস্ট ইন্ডিয়ান নেভির ভারতীয় নাবিকরা (b) রয়্যাল ইন্ডিয়ান নেভির ভারতীয় নাবিকরা (c) ব্রিটিশ-ইন্ডিয়ান নেভির ভারতীয় নাবিকরা (d) আজাদ হিন্দ ফৌজের নাবিকরা
20. একটি 'সরল পেরিস্কোপ' কোন নীতির ওপর নির্ভর করে গঠিত?
(a) আলোর প্রতিসরণ (b) আলোর বিচ্ছুরণ (c) আলোর প্রতিফলন (d) আলোর গতি
21. যখন কোনও ঠেলা গাড়িতে বেশি বল প্রয়োগ করে ঠেলি, তখন গাড়িটি বেশি ত্বরণে চলে এবং কম বল প্রয়োগ করলে কম ত্বরণে চলে। এটি নিউটনের কোন সূত্রের উদাহরণ?
(a) নিউটনের প্রথম সূত্র (b) নিউটনের দ্বিতীয় সূত্র (c) নিউটনের তৃতীয় সূত্র (d) নিউটনের কোনও সূত্র প্রযোজ্য নয়
22. নীচের কোনটি ইমেজ ফাইলের উদাহরণ নয়?
(a) PNG (b) JPEG (c) TTF (d) DOC
23. রাষ্ট্র পরিচালনার নির্দেশমূলক নীতি কোন ভাগে রয়েছে?
(a) প্রথম ভাগ (b) দ্বিতীয় ভাগ (c) তৃতীয় ভাগ (d) চতুর্থ ভাগ
24. কোন কাল্পনিক রেখা ভারতকে প্রায় দু'টি সমান ভাগে ভাগ করেছে?
(a) দ্রাঘিমা রেখা (b) নিরক্ষরেখা (c) কর্কটক্রান্তি রেখা (d) কোনওটিই নয়
25. ভারত প্রথম কত সালে মঙ্গল অভিযান (মঙ্গলযান) করে?
(a) 2008 সালে (b) 2010 সালে (c) 2013 সালে (d) 2016 সালে
26. 'যুবনাশ্ব' ছদ্মনামটি কার?
(a) কালীপ্রসন্ন সিংহ (b) সত্যেন্দ্রনাথ দত্ত (c) মণীশ ঘটক (d) অখিলবন্ধু ঘোষ
27. অর্থনীতিতে নোবেল পুরস্কার দেওয়ার সিদ্ধান্ত নেন কোন সংস্থা?
(a) ওয়ার্ল্ড ব্যাঙ্ক (b) ব্যাঙ্ক অব সুইডেন (c) ব্যাঙ্ক অফ নরওয়ে (d) ইউএনও
28. হিউ টয়ের 'দ্য স্প্রিংগিং টাইগার' নামে বইটি কাকে নিয়ে লেখা?
(a) রাসবিহারী বসু (b) যতীন্দ্রনাথ সেনগুপ্ত (c) সুভাষচন্দ্র বসু (d) উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
29. ভারতের সংবিধান সভার শেষ অধিবেশন কবে হয়েছিল?
(a) 1946 সালের 9 ডিসেম্বর (b) 1947 সালের 15 অগস্ট (c) 1949 সালের 25 জানুয়ারি (d) 1950 সালের 24 জানুয়ারি
30. কোন রাজ্যে 'খণ্ড' নামে আদিবাসী বসবাস করে?
(a) নাগাল্যান্ড (b) আসাম (c) ঝাড়খণ্ড (d) ওড়িশা
31. 'কিমোনো' কোন দেশের জাতীয় পোশাকের নাম?
(a) দক্ষিণ কোরিয়া (b) চিন (c) জাপান (d) ইন্দোনেশিয়া
32. নন্দাদেবী বায়োস্ফিয়ার রিজার্ভ কোন রাজ্যে অবস্থিত?
(a) ওড়িশা (b) মধ্যপ্রদেশ (c) ত্রিপুরা (d) উত্তরাখণ্ড
33. 1892 সালে কার শাসনকালে ভারতীয় পরিষদ আইন প্রণীত হয়?
(a) লর্ড কর্ণওয়ালিশ (b) লর্ড ক্যানিং (c) লর্ড ল্যান্সডাউন (d) লর্ড মেকলে
34. 'সত্যমেব জয়তে' কথাটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে?
(a) সামবেদ (b) মুণ্ডক উপনিষদ (c) আনন্দমঠ (d) অর্থশাস্ত্র
35. সন্তুরে কতগুলো তার থাকে?
(a) 7টি (b) 100টি (c) 16টি (d) 10টি
36. নীচের কোনটি গ্রিন হাউস গ্যাস নয়?
(a) মিথেন (b) অক্সিজেন (c) কার্বন-ডাই-অক্সাইড (d) জলীয় বাষ্প
37. 'চায়নাম্যান' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেবিল টেনিস (b) ক্রিকেট (c) শুটিং (d) হকি
38. মাটি দূষণজনিত একটি রোগ হল:
(a) টিটেনাস (b) ব্রঙ্কাইটিস (c) টাইফয়েড (d) ইটাই ইটাই
39. 'দামহাল' নৃত্যশৈলীটি কোথায় প্রচলিত?
(a) হিমাচল প্রদেশ (b) কাশ্মীর উপত্যকা (c) মিজোরাম (d) বিহার
40. 'টাচ দ্য সান' হল একটি:
(a) বিখ্যাত বই (b) নাসার অভিযান (c) নক্ষত্রের নাম (d) গবেষণা সংস্থা
41. সবচেয়ে তীব্র বিক্রিয়াশীল অধাতব মৌল কোনটি?
(a) ফ্লুওরিন (b) পোলোনিয়াম (c) থেরিয়াম (d) হিলিয়াম
42. ভারতের জাতীয়তাবাদের জনক কে?
(a) স্বামী বিবেকানন্দ (b) রাজা রামমোহন রায় (c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (d) দেবেন্দ্রনাথ ঠাকুর
43. 'সম্বাদ কৌমুদি'-র সম্পাদক কে ছিলেন?
(a) সরলাদেবী চৌধুরি (b) রাজা রামমোহন রায় (c) উমেশচন্দ্র দত্ত (d) শিশির কুমার ঘোষ
44. প্রদত্ত বিকল্পের কোনটি বিষহীন বর্জ্য?
(a) আলকাতরা (b) পিসিবি (c) টি এন টি (d) গোবর
45. ম্যালেরিয়া রোগীর কাঁপুনি ও জ্বর আসার কারণ হল:
(a) লোহিত কণিকাগুলি ফেটে যাওয়া (b) রক্তে প্লাসমোডিয়ামের বংশবৃদ্ধি (c) শ্বেত রক্তকণিকা সংখ্যা বৃদ্ধি (d) ওপরের সবক'টি
46. UPI-এর পুরো কথা হল:
(a) United Payments Interface (b) Universal Payments Interface (c) Unified Payments Interface (d) Unified Payments Interaction
47. আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের পূর্বদিকে কোন দেশটি অবস্থিত?
(a) ইন্দোনেশিয়া (b) শ্রীলঙ্কা (c) থাইল্যান্ড (d) বাংলাদেশ
48. IRCTC-এর পুরো কথা হল:
(a) Indian Railway Catering and Tourism Company (b) Indian Railway Catering and Ticket Corporation (c) Indian Railway Catering and Tourism Corporation (d) Indian Railway Catering and Tourism Commission
49. 220V এবং 100W ইলেক্ট্রিক বাতির রোধ কত হবে?
(a) 484 ওহম (b) 284 ওহম (c) 448 ওহম (d) 844 ওহম
50. আরণ্যক ঘোষ কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) হকি (b) ফুটবল (c) ক্রিকেট (d) দাবা
51. পশ্চিমবঙ্গের প্রথম 'লিভিং হেরিটেজ বিশ্ববিদ্যালয়' হতে চলেছে কোন বিশ্ববিদ্যালয়?
(a) যাদবপুর বিশ্ববিদ্যালয় (b) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় (c) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় (d) কলকাতা বিশ্ববিদ্যালয়
52. 'স্বরাজ আমার জন্মগত অধিকার'— উক্তিটি কার?
(a) বাল গঙ্গাধর তিলক (b) ছত্রপতি শিবাজি (c) রাণী লক্ষ্মীবাঈ (d) নানা সাহেব
53. ভারতের প্রথম কাগজের কারাখানা কোথায় গড়ে ওঠে?
(a) সুরাট, গুজরাট (b) মুম্বাই, মহারাষ্ট্র (c) কুলটি, পশ্চিমবঙ্গ (d) শ্রীরামপুর, পশ্চিমবঙ্গ
54. 'Never Alone' নামে AI বেসড মেন্টাল হেলথ প্রোগ্রাম লঞ্চ করল কোন প্রতিষ্ঠান?
(a) AIIMS Delhi (b) AIIMS Bhoopal (c) AIIMS Bhuvaneswar (d) AIIMS Nagpur
55. 'গোলাপি বিপ্লব' কোন খাদ্যশস্যের সঙ্গে জড়িত?
(a) টমেটো (b) মধু (c) মৎস্য (d) পেঁয়াজ
56. হাইপোকেলেমিয়া রোগের কারণ:
(a) ক্যালসিয়ামের অভাব (b) পটাশিয়ামের অভাব (c) সোডিয়ামের অভাব (d) আয়রনের অভাব
57. 'কুঞ্চিকল জলপ্রপাত' কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) কেরলম (c) কর্নাটক (d) ওড়িশা
58. দুর্জন সিংহ ও জগন্নাথ সিংহ কোন বিদ্রোহের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) সন্ন্যাসী বিদ্রোহ (b) চুয়াড় বিদ্রোহ (c) সাঁওতাল বিদ্রোহ (d) রংপুর বিদ্রোহ
59. বাদামি পডজল মাটিতে কোন ফসলগুলি হয়?
(a) নারিকেল, সুপারি (b) চা, কমলালেবু (c) ধান, গম (d) তরমুজ ও পেঁপে
60. ভারতের সংবিধানের 73তম সংশোধনী কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত?
(a) নির্দেশমূলক নীতি (b) পঞ্চায়েতী রাজ (c) নির্বাচন কমিশন (d) পুরসভা
61. 'সনেট'-এর জনক কে?
(a) ফ্রাসেসকো পেত্রার্ক (b) জন কিটস (c) মানোয়াল দয় অসুম্পর্সাঁও (d) ও হেনরি
62. পৃথিবীর প্রথম 'ক্যাশলেস সোসাইটি' হতে চলেছে কোন দেশ?
(a) স্পেন (b) কানাডা (c) সুইডেন (d) নরওয়ে
63. নীচের বিকল্পের কোন দেশটির ভারতের সঙ্গে সীমা স্থল-সীমান্ত নেই?
(a) বাংলাদেশ (b) আফগানিস্থান (c) পাকিস্তান (d) ভুটান
64. নীচের কোনটি রক্তের হিমোগ্লোবিনের প্রকার নয়?
(a) মেথেমোগ্লোবিন (b) হেমিক্রোম (c) অক্সিহিমোগ্লোবিন (d) নাইট্রোগ্লোবিন
65. 'গুচ্চি মারমিক' নামটি কীসের সম্পর্কিত?
(a) মাশরুম (b) কফি (c) পনির (d) সয়াবিন
66. কোন মৌলের প্রতীক 'W'?
(a) টাংস্টেন (b) টাইটেনিয়াম (c) ক্রোমিয়াম (d) কপার
67. স্বাধীন ভারতে প্রথম অর্থমন্ত্রী কে ছিলেন?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল (b) আর কে শানমুখম চেট্টি (c) চিন্তামন দ্বারকানাথ দেশমুখ (d) জন মাথাই
68. কবে সবরমতী আশ্রম থেকে লবণ অভিযান শুরু হয়েছিল?
(a) 6 এপ্রিল 1930 (b) 12 মার্চ 1930 (c) 1 জানুয়ারি, 1930 (d) 20 ফেব্রুয়ারি, 1930
69. কুতুব মিনারের নির্মাণ কাজ কে শেষ করেছিলেন?
(a) কুতুবউদ্দিন আইবক (b) ইব্রাহিম লোদি (c) ইলতুৎমিস (d) মহম্মদ শাহ
70. ভারতের প্রথম মহিলা ক্যাবিনেট মিনিস্টার ছিলেন:
(a) রাজকুমারী অমৃতা কাউর (b) মীরা কুমার (c) ফতিমা বিবি (d) সুরেখা যাদব
71. 'ফরওয়ার্ড' পত্রিকার প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ (b) সুভাষ চন্দ্র বসু (c) রাসবিহারী বসু (d) যদুগোপাল মুখোপাধ্যায়
72. 'কমনওয়েলথ'-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) টোকিও (b) লন্ডন (c) নিউ দিল্লি (d) ঢাকা
73. 'নীতি আয়োগের' চেয়ারম্যান কে?
(a) নরেন্দ্র মোদী (b) অশোক কুমার লাহিড়ী (c) অনুরাগ জৈন (d) দ্রৌপদী মুর্মু
74. 'মুন ওয়াক' কার আত্মজীবনীমূলক বই?
(a) রাকেশ শর্মা (b) মাইকেল জ্যাকসন (c) মিলখা সিং (d) নেলসন ম্যান্ডেলা
75. প্রথম BRICS সামিট কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
(a) চিন (b) রাশিয়া (c) সাউথ আফ্রিকা (d) ব্রাজিল
76. কিছু পরিমাণ টাকা দুই বন্ধুর মধ্যে 3 : 5 অনুপাতে ভাগ করে দেওয়া হল। একজনের প্রাপ্ত টাকা অপরজনের থেকে 50 কম হলে, কত টাকা তাদের মধ্যে ভাগ করে দেওয়া হয়েছিল?
(a) 200 টাকা (b) 300 টাকা (c) 700 টাকা (d) 600 টাকা
77. দূরপাল্লার একটি ট্রেনে গড় গতিবেগ যদি ঘণ্টায় 114 কিলোমিটার হয় তাহলে 1710 কিলোমিটার পথ যেতে কত সময় নেবে?
(a) 15 ঘণ্টা (b) 15 ঘণ্টা 30 মিনিট (c) 14 ঘণ্টা 30 মিনিট (d) 16 ঘণ্টা
78. 5 অঙ্কের বৃহত্তম সংখ্যা ও 4 অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা দু'টির পার্থক্য কত?
(a) 98099 (b) 98989 (c) 99899 (d) 98999
79. সুদের হার 6% থেকে কমে 4% করায় এক ব্যক্তির বাৎসরিক আয় 20 টাকা কমে গেল। তার আসলের পরিমাণ কত?
(a) 800 টাকা (b) 1200 টাকা (c) 1000 টাকা (d) 1100 টাকা
80. একটি সংখ্যা 10 দ্বারা গুণ করলে, 100 বৃদ্ধি পায় তাহলে সংখ্যাটি কত?
(a) 8 (b) 10 (c) 12 (d) 11
81. 90 কোন সংখ্যার 75%?
(a) 125 (b) 110 (c) 120 (d) 105
82. দু'টি সংখ্যার যোগফল 60 এবং বিয়োগফল 20 হলে বৃহত্তম সংখ্যাটি নির্ণয় করুন:
(a) 55 (b) 35 (c) 40 (d) 45
83. সুরজিৎবাবু 11 মাসের আয় দিয়ে 12 মাসের সংসার চালান। সুরজিৎবাবুর মাসিক খরচ 12100 টাকা হলে, তার বাৎসরিক মোট আয় কত হবে?
(a) 148000 টাকা (b) 158400 টাকা (c) 146000 টাকা (d) 150000 টাকা
84. 1 থেকে 100 ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?
(a) 51 (b) 50.5 (c) 51.5 (d) 50
85. একটি শ্রেণিতে 60 জন ছাত্রের গড় বয়স 14 বছর। তাদের শিক্ষকের বয়স ধরতে তাদের গড় বয়স 1 বছর বেড়ে যায়। শিক্ষকের বয়স কত?
(a) 82 বছর (b) 72 বছর (c) 62 বছর (d) 75 বছর
86. 3 জন শ্রমিক 6 দিনে একটি কাজ করতে পারে। ওই কাজ 6 জন শ্রমিক কতদিনে করতে পারবে?
(a) 5 দিনে (b) 2 দিনে (c) 3 দিনে (d) 4 দিনে
87. 100 মিটার দীর্ঘ দু'টি ট্রেন বিপরীত দিক থেকে যথাক্রমে ঘণ্টায় 50 কিলোমিটার এবং 40 কিলোমিটার বেগে আসছে। তারা পরস্পরকে কত সময়ে অতিক্রম করবে?
(a) 8 সেকেন্ডে (b) 10 সেকেন্ডে (c) 15 সেকেন্ডে (d) 7 সেকেন্ডে
88. পাঁচটি সংখ্যার গড় 20। প্রথম দু'টি সংখ্যার গড় 25 এবং শেষ দু'টি সংখ্যার গড় 35 হলে, তৃতীয় সংখ্যাটি কত?
(a) 15 (b) 10 (c) 20 (d) 25
89. শতকরা বার্ষিক 4% টাকা হারে সরল সুদে কত টাকার 5 বছরের সুদ 140 টাকা হবে?
(a) 900 টাকা (b) 800 টাকা (c) 700 টাকা (d) 600 টাকা
90. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত 7 : 2 এবং 5 বছর পরে তাদের বয়সের অনুপাত 8 : 3 হলে, পিতার বর্তমান বয়স কত?
(a) 45 বছর (b) 35 বছর (c) 50 বছর (d) 55 বছর
91. একটি বৃত্তের ব্যাস 28 সেমি হলে বৃত্তের পরিধি কত হবে?
(a) 78 সেমি (b) 58 সেমি (c) 68 সেমি (d) 88 সেমি
92. শতকরা 10 টাকা হারে সুদে 4 বছরে সুদ আসল টাকা 4000 হলে আসল কত হবে?
(a) 2737.40 টাকা (b) 2857.14 টাকা (c) 3567.90 টাকা (d) 1603.24 টাকা
93. কোনটি মৌলিক সংখ্যা নয়?
73, 83, 93, 99, 103
(a) 73 (b) 99 (c) 93 (d) 103
94. পাঁচটি সংখ্যার গড় 27, যদি একটি সংখ্যা বাদ দেওয়া হয় তাহলে গড় হয় 25। বাদ দেওয়া সংখ্যাটি কত?
(a) 24 (b) 35 (c) 10 (d) 37
95. সরল করুন: $50 + 100 - 50 \div 2 = ?$
(a) 100 (b) 125 (c) 150 (d) 200
96. একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় 8 কিলোমিটার এবং স্রোতের প্রতিকূলে 4 কিলোমিটার যায়। নৌকার বেগ কত?
(a) 4 কিমি (b) 9 কিমি (c) 7 কিমি (d) 6 কিমি
97. 1 টাকায় 6টি বল কিনে 1 টাকায় 4টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
(a) 25% (b) 18% (c) 12% (d) 16%
98. অতিক্রান্ত দূরত্ব 40 কিলোমিটার, গতিবেগ ঘণ্টায় 10 কিলোমিটার হলে সময় কত লাগবে?
(a) 8 ঘণ্টা (b) 2 ঘণ্টা (c) 6 ঘণ্টা (d) 4 ঘণ্টা
99. একটি সংখ্যা 200 হতে যত বড়, 120 হতে তত ছোট হলে সংখ্যাটি কত হবে?
(a) 250 (b) 180 (c) 120 (d) 160
100. একটি পরীক্ষায় 80% পরীক্ষার্থী বাংলায়, 85% পরীক্ষার্থী গণিতে এবং 75% পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করে। যদি 30 জন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করে তাহলে মোট পরীক্ষার্থীর সংখ্যা কত?
(a) 240 জন (b) 300 জন (c) 190 জন (d) 320 জন

**উত্তর**

1(c), 2(a), 3(a), 4(a), 5(d), 6(c), 7(b), 8(b), 9(c), 10(a), 11(b), 12(b), 13(a), 14(c), 15(c), 16(c), 17(a), 18(a), 19(b), 20(c), 21(a),

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

22(d), 23(d), 24(c), 25(c), 26(c), 27(b), 28(c), 29(d), 30(d), 31(c), 32(d), 33(c), 34(b), 35(b), 36(b), 37(b), 38(a), 39(b), 40(b), 41(a), 42(a), 43(b), 44(d), 45(a), 46(c), 47(a), 48(c), 49(a), 50(d), 51(c), 52(a), 53(d), 54(a), 55(d), 56(b), 57(c), 58(b) 59(b), 60(b), 61(a), 62(c), 63(b), 64(d), 65(a), 66(a), 67(b), 68(b), 69(c), 70(a), 71(a), 72(b), 73(a), 74(b), 75(b), 76(a), 77(a), 78(d), 79(c), 80(b), 81(c), 82(c), 83(b), 84(b), 85(d), 86(c), 87(a), 88(c), 89(c), 90(b), 91(d), 92(b), 93(b), 94(b), 95(b), 96(d), 97(a), 98(d), 99(d), 100(b).

**সমাধান**

76(a): প্রথম বন্ধু 3x টাকা ও দ্বিতীয় বন্ধু 5x টাকা পেলে,
$5x - 3x = 50$, বা, $2x = 50$ বা, $x = 25$
মোট টাকার পরিমাণ $= 5x + 3x = 8x = 8 \times 25 = 200$ টাকা।

77(a): 1 ঘণ্টায় যায় 114 কিলোমিটার
অতএব 1710 কিলোমিটার যেতে সময় নেবে $1710 \div 114 = 15$ ঘণ্টা।

78(d): 5 অঙ্কের বৃহত্তম সংখ্যা – 4 অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা $= 99999 - 1000 = 98999$.

79(c): সুদের হার কমল $= 6\% - 4\% = 2\%$
এখন 2 টাকা সুদ যখন আসল = 100 টাকা
অতএব, 20 টাকা সুদ যখন আসল $= \frac{100 \times 20}{2} = 1000$ টাকা।

80(b): মনে করি, সংখ্যাটি x
শর্তানুসারে, $10 \times x = 100$ বা, $10x = 100$
$\therefore x = \frac{100}{10} = 10$.

81(c): নির্ণেয় সংখ্যাটি = (সংখ্যাটি × 100) ÷ সংখ্যার 75%
$= (90 \times 100) \div 75 = 120$.

82(c): মনে করি, বৃহত্তম সংখ্যাটি = x
অপর সংখ্যাটি $= (60 - x)$
প্রশ্নানুসারে, $x - (60 - x) = 20 \Rightarrow x - 60 + x = 20$
$\Rightarrow 2x = 20 + 60 \Rightarrow 2x = 80 \therefore x = 40$.

83(b): সুরজিৎবাবুর মাসিক খরচ 12100 টাকা হলে,
বাৎসরিক খরচ $12100 \times 12 = 145200$ টাকা
অতএব, সুরজিৎবাবুর 11 মাসের আয় = 145200 টাকা
তার বাৎসরিক আয় $= \frac{145200}{11} \times 12 = 158400$ টাকা।

84(b): নির্ণেয় সংখ্যাটি = (প্রথম সংখ্যা + দ্বিতীয় সংখ্যা) ÷ 2
$\therefore (1 + 100) \div 2 = 101 \div 2 = 50.5$.

85(d): 60 জনের ছাত্রে গড় বয়স 14 বছর
∴ 60 জন ছাত্রের মোট বয়স $= (60 \times 14) = 840$ বছর
আবার, 60 জন ছাত্র ও 1 শিক্ষকের গড় বয়স $(14 + 1) = 15$ বছর
∴ 60 জন ছাত্র ও 1 শিক্ষকের মোট বয়স $= (61 \times 15) = 915$ বছর
∴ শিক্ষকের বয়স $= (915 - 840) = 75$ বছর।

86(c): মোট কাজের পরিমাণ $3 \times 6 = 18$ জন দিন
তাই 6 জন শ্রমিকের লাগবে $18 \div 6 = 3$ দিন।

87(a): বিপরীত দিকে থেকে এলে আপেক্ষিক বেগ যোগ হয়
আপেক্ষিক বেগ $= 50 + 40 = 90$ কিলোমিটার/ঘণ্টা
$= 90 \times \frac{5}{18} = 25$ মিটার/সেকেন্ড
মোট দূরত্ব $= 100 + 100 = 200$ মিটার
∴ সময় = মোট দূরত্ব ÷ আপেক্ষিক বেগ $= 260 \div 5 = 8$ সেকেন্ড।

88(c): পাঁচটি সংখ্যার গড় 20
প্রথম দু'টি সংখ্যার গড় 25 এবং শেষ দু'টি সংখ্যার গড় 35 হলে
তৃতীয় সংখ্যাটি $= (25 \times 2 + 35 \times 2) - 20 \times 5$
$= (50 + 70) - 100 = 120 - 100 = 20$.

89(c): 100 টাকার 1 বছরের সুদ 4 টাকা
100 টাকার 1 বছরের সুদ $4 \times 5 = 20$ টাকা
20 টাকা সুদ হলে আসল = 100 টাকা
140 টাকা সুদ হলে আসল $= \frac{100 \times 140}{20} = 700$ টাকা।

90(b): মনে করি, পিতার বর্তমান বয়স 7x
পুত্রের বর্তমান বয়স 2x
প্রশ্নানুসারে, $7x + 5 : 2x + 5 = 8 : 3$
বা, $\frac{7x+5}{2x+5} = \frac{8}{3}$ বা, $21x + 15 = 16x + 40$
বা, $21x - 16x = 40 - 15$
বা, $5x = 25$ বা, $x = 5$
পিতার বর্তমান বয়স $= 7 \times 5 = 35$ বছর।

91(d): বৃত্তের ব্যাসার্ধ $28 \div 2 = 14$ সেমি
পরিধি $2 \times \frac{22}{7} \times 14 = 88$ সেমি।

92(b): আসল $= \frac{100 \times \text{সুদ-আসল}}{100 + (\text{সুদের হার} \times \text{সময়})}$
$= \frac{100 \times 4000}{100 + (10 \times 4)} = \frac{400000}{140} = 2857.14$ টাকা।

## সাধারণ মানসিক দক্ষতা

*আটের পাতার পর*

(a) বাতাস (b) মাছ (c) জল (d) জাল

21. ক্লোরিন, ধাতু এবং লোহা-এর জন্য সম্বন্ধিত চিত্র কোনটি?



(a) (b) (c) (d)

22. 'RBAE' -এই অক্ষরগুলো একবার ব্যবহার করে কতগুলো অর্থপূর্ণ শব্দ গঠন করা যাবে?
(a) একটি (b) তিনটি (c) দু'টি (d) একটিও না

23. আজকের দিনটি সোমবার। তাহলে 61 দিন পরের দিনটি কী বার হবে?
(a) মঙ্গলবার (b) বৃহস্পতিবার (c) শনিবার (d) বুধবার

24. সঠিক বিকল্প কোনটি?
ELFA, GLHA, ILJA, ____, MLNA
(a) KLLA (b) LLMA (c) ILMA (d) OLPA

25. কোনটি সঠিক চিত্র?
দিন, সপ্তাহ, বছর



(a) (b) (c) (d)

26. প্রদত্ত সারিটি সম্পূর্ণ করুন:
60, 69, 85, ?, 146
(a) 117 (b) 120 (c) 110 (d) 109

**উত্তর**

1(a), 2(a), 3(a), 4(b), 5(b), 6(b), 7(b), 8(b), 9(c), 10(b), 11(c), 12(a), 13(a), 14(c), 15(a), 16(d), 17(d), 18(b), 19(d), 20(a), 21(b), 22(c), 23(c), 24(a), 25(a), 26(c).

**সমাধান**

1(a): $25 \times 5 \div 30 + 8 - 2 \Rightarrow 25 \div 5 + 30 - 8 \times 2$
$\Rightarrow 5 + 30 - 16 \Rightarrow 35 - 16 \Rightarrow 19$.

2(a): a _a_ b a a _c_/a a b a _a_ c/a _a_ b.

3(a): P A P E R একইভাবে, P E N C I L
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
O Z O D Q O D M B H K

5(b): প্রদত্ত সেট: $14, 20, 3 = \frac{(20-14)}{2} = \frac{6}{2} = 3$
একইভাবে, $(7, 13, 3) = \frac{(13-7)}{2} = \frac{6}{2} = 3$.

6(b): $\frac{(15+22)-(16+9)}{2} = \frac{37-25}{2} = \frac{12}{2} = (6)^2 = 36$
$\frac{(13+11)-(7+9)}{2} = \frac{24-16}{2} = \frac{8}{2} = (4)^2 = 16$
$\therefore \frac{(21+x)-(15+13)}{2} = \frac{(21+x)-28}{2} = \frac{21+x-28}{2}$
$\Rightarrow \left(\frac{x-7}{2}\right)^2 = 64 \Rightarrow \frac{x-7}{2} = \sqrt{64} \Rightarrow \frac{x-7}{2} = 8$
$\Rightarrow x - 7 = 16 \Rightarrow x = 16 + 7, x = 23$.

7(b):




∴ সে এখন পূর্বদিকে হাঁটছে।

10(b): 5 8 ③ = (আকাশ) হয় নীল
5 8 4 = নীল হয় ভালো
6 ③ 9 = (আকাশে) তারা আছে
∴ আকাশ = 3.

94(b): বাদ দেওয়া সংখ্যাটি হবে $27 \times 5 - 25 \times 4$
$= 135 - 100 = 35$.

95(b): $50 + 100 - 50 \div 2 = 150 - 25 = 125$.

96(d): নৌকার বেগ $= \frac{\text{স্রোতের অনুকূলে} + \text{স্রোতের প্রতিকূলে}}{2}$
$= (8 + 4) \div 2 = 6$ কিলোমিটার।

97(a): শতকরা কত লাভ $= \frac{100}{\text{বিক্রয়মূল্য}}\% = \frac{100}{4}\% = 25\%$.

98(d): সময় $= \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{গতিবেগ}} = \frac{40}{100} = 4$ ঘণ্টা।

99(d): সংখ্যাটি $= \frac{\text{প্রথম সংখ্যা} + \text{দ্বিতীয় সংখ্যা}}{2} = \frac{200+120}{2}$
$= \frac{320}{2} = 160$.

100(b): 10 জন উভয় বিষয়ে ফেল করলে মোট পরীক্ষার্থী = 100 জন
30 জন উভয় বিষয়ে ফেল করলে মোট পরীক্ষার্থী $= \frac{100 \times 30}{10}$
= 300 জন।

প্রস্তুত করেছেন: সাগর রায় ও পলাশ কান্তি মণ্ডল

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

65(b): $0.9 \times 1000 = 900$, $0.09 \times 1000 = 90$, $.009 \times 1000 = 9$
900, 90 ও 9-এর ল.সা.গু = 900
∴ নির্ণেয় ল.সা.গু $= \frac{900}{1000} = \frac{9}{10} = 0.9$.

66(a): $(3^3)^{2x-1} = (3^5)^3 \Rightarrow 3^{6x-3} = 3^{15}$
$\Rightarrow 6x - 3 = 15 \Rightarrow x = 3$.

67(c): $2 + 3 + 5 + 7 + 11 + 13 + 17 + 19 = 77$.

68(a): ধরা যাক, পিতার বয়স x বছর
প্রশ্নানুযায়ী, $x + 7 = 3(42 - x + 7)$
বা, $x + 7 = 3(49 - x)$ বা, $x + 7 = 147 - 3x$
$\Rightarrow 4x = 140 \Rightarrow x = 35$.

69(d): $\sqrt{1 + \frac{x}{144}} = \frac{13}{12}$
উভয়পক্ষকে বর্গ করিয়া পাই, $1 + \frac{x}{144} = \frac{169}{144} \Rightarrow \frac{x}{144} = \frac{169}{144} - 1$
$= \frac{169-144}{144} \Rightarrow \frac{x}{144} = \frac{25}{144}$ বা, $x = 25$.

70(a): $(?)^2 = (19)^2 - (3)^3 - \sqrt{676} + 16$
$= 361 - 27 - 26 + 16 = 324 = (18)^2$
∴ ? = 18.

71(d): ইন্দুর বর্তমান বয়স $= 28 - 8 = 20$ বছর
লক্ষ্মীর বর্তমান বয়স $= \frac{7 \times 20}{5} = 28$ বছর
∴ 6 বছর পূর্বে লক্ষ্মীর বয়স $= 28 - 6 = 22$ বছর।

72(b): $(?)^{4/5 + 6/5} = 12 \times 48 \Rightarrow (?)^2 = 576 = (24)^2$
∴ ? = 24.

73(b): $\frac{3}{11} = 0.27$, $\frac{2}{7} = 0.22$, $\frac{5}{13} = 0.38$, $\frac{7}{17} = 0.41$, $\frac{8}{19} = 0.42$
দ্বিতীয় বৃহত্তম ভগ্নাংশ $= \frac{7}{17}$.

74(b): ধরা যাক, 237 = x, 137 = y
$= \frac{x^3 - y^3}{(x^2 + xy + y^2)} = \frac{(x-y)(x^2 + xy + y^2)}{x^2 + xy + y^2}$
$= (x - y) = (237 - 137) = 100$.

75(d): $\frac{25^{2.5}}{5^3} = \frac{25^2 \times 25^{.5}}{5^3} = \frac{625 \times 5}{25 \times 5} = 25 : 1$.

প্রস্তুত করেছেন: সাগর রায়

12(a): $3 \times 1 + 1 = 3 + 1 = 4$
$4 \times 2 + 2 = 8 + 2 = 10$
$10 \times 3 + 3 = 30 + 3 = 33$
$33 \times 4 + 4 = 132 + 4 = 136$
∴ ভুল পদটি হল 32.

16(d): $2^2 + 1 = 4 + 1 = 5$
$3^2 + 1 = 9 + 1 = 10$
$5^2 + 1 = 25 + 1 = 26$
$7^2 + 1 = 49 + 1 = 50$
$11^2 + 1 = 121 + 1 = 122$.

17(d): $4 + 22 - 10 = 26 - 10 = 16$
$8 + 14 - 5 = 22 - 5 = 17$
$10 + x - 3 = 18$
বা, $x + 7 = 18$ বা, $x = 18 - 7 \therefore x = 11$
$10 + 11 - 3 = 21 - 3 = 18 \therefore x = 11$.

18(b): 8 : 81 : : 64 : ?
$2^3 = 8$, $4^3 = 64$, $3^4 = 81$, $5^4 = 5 \times 5 \times 5 \times 5 = 625$.

19(d):




20(a): বাতাস।

21(b):



22(c): RBAE (i) BEAR (ii) BARE.

23(c): $61 \div 7 = 5$ অবশিষ্ট থাকে
সোমবার + 5 = শনিবার।

24(a):




26(c): $60 \xrightarrow{+9} 69 \xrightarrow{+16} 85 \xrightarrow{+25} 110 \xrightarrow{+36} 146$
$3^2$ $4^2$ $5^2$ $6^3$

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

# কলকাতায় চলছে আর্মি র‍্যালি

## র‍্যালি চলবে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত

অগ্নিপথ স্কিমের অধীনে র‍্যালির মাধ্যমে বেশ কিছু অগ্নিবীর, উইমেন মিলিটারি পুলিশ, সোলজার টেকনিক্যাল নার্সিং অ্যাসিস্ট্যান্ট/নার্সিং অ্যাসিস্ট্যান্ট (ভেটেরিনারি) এবং সেপাই ফার্মা নিয়োগ করতে চলেছে ভারতীয় সেনাবাহিনী। কলকাতার সন্তোষপুরে কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আয়োজিত হচ্ছে এই র‍্যালি। ২১ সেপ্টেম্বর শুরু হওয়া র‍্যালি চলবে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত। ভারতীয় সেনাবাহিনী কর্তৃক আয়োজিত কমন এন্ট্রান্স এক্সামিনেশনে উত্তীর্ণ প্রার্থীরাই এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। কলকাতা রিক্রুটিং অফিসের আওতাধীন কলকাতা, হাওড়া, দক্ষিণ চব্বিশ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলার প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীরা এই র‍্যালিতে অংশ নেবেন। অগ্নিবীর (জেনারেল ডিউটি) উইমেন মিলিটারি পুলিশ পদের জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত পশ্চিমবঙ্গের মহিলা প্রার্থীরাও র‍্যালিতে অংশ নেবেন। র‍্যালির বিস্তারিত সূচি অ্যাডমিট কার্ডে পাবেন।

প্রার্থীদের সুবিধার্থে র‍্যালিতে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় নথিপত্রের তালিকা নীচে দেওয়া হল।

### র‍্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

✓র‍্যালিতে যোগদানের অ্যাডমিট কার্ড ও সেটির দু' কপি প্রত্যয়িত নকল।

✓২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। ফটো প্রত্যয়িত হওয়ার দরকার নেই। তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।

✓ক্লাস এইট, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা বা গ্র্যাজুয়েশনের অ্যাডমিট কার্ড, সার্টিফিকেট, মার্কশিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিটির দু'টি প্রত্যয়িত নকল। মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে স্কুলের প্রধানশিক্ষক কর্তৃক স্বাক্ষরিত এবং ব্লক এডুকেশন অফিসার বা ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সিগনেচার-সহ ম্যাট্রিক সার্টিফিকেট ও মার্কশিট এবং সেগুলির দু'কপি প্রত্যয়িত নকল। ক্লাস এইটের ক্ষেত্রে ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসার বা ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসের কাউন্টার সিগনেচার-সহ মার্কশিট ও ট্রান্সফার সার্টিফিকেট ও সেগুলির দু' কপি প্রত্যয়িত নকল।

✓জন্মতারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিক পাশ বা উচ্চতর শিক্ষাপ্রাপ্তদের ক্ষেত্রে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের মার্কশিট ও তার দু' কপি প্রত্যয়িত নকল। ক্লাস এইট পাশ প্রার্থীদের ক্ষেত্রে মিউনিসিপ্যাল বা ভিলেজ বার্থ রেজিস্ট্রারের কাছ থেকে নেওয়া জন্মতারিখের সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস থেকে নেওয়া ডোমিসাইল সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓নগরসেবক সার্টিফিকেট (রেসিডেন্স প্রুফ) ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস থেকে নেওয়া কাস্ট সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓কাস্ট সার্টিফিকেটে প্রার্থীর ধর্মের উল্লেখ না থাকলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এসডিএম-এর অফিস থেকে নেওয়া রিলিজিয়ন সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓পুলিস ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓প্রার্থী শেষ যে-প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন সেই স্কুল বা কলেজের প্রধানের থেকে নেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।

✓২১ বছরের নীচের প্রার্থীদের ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও সিলমোহরের ছাপ দেওয়া আনম্যারেড সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না।

✓সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধে নিহত সৈনিকের ছেলেদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেকর্ড অফিস থেকে নেওয়া বোনাফায়েড সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল। রিলেশনশিপ সার্টিফিকেটে স্বাক্ষরকারীর পার্সোন্যাল নম্বর, র‍্যাঙ্ক ও নামের উল্লেখ থাকতে হবে।

✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে মূল ডিসচার্জ বুক এবং ১০ টাকার স্ট্যাম্প পেপারে নেওয়া এফিডেভিট ও তার দু' কপি প্রত্যয়িত নকল। এফিডেভিটে ফার্স্ট ক্লাস বা এক্সিকিউটিভ বা জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের সই থাকতে হবে।

✓এনসিসি সার্টিফিকেট (থাকলে) ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেট ও তার দু' কপি প্রত্যয়িত নকল।

✓১০ টাকার স্ট্যাম্প পেপারে কোনও নোটারির কাছ থেকে নেওয়া এফিডেভিট ও তার দু' কপি প্রত্যয়িত নকল। এফিডেভিটে প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে।

✓আধার কার্ড ও প্যানকার্ড এবং সেগুলির দু' কপি প্রত্যয়িত নকল।

মূল সার্টিফিকেট ও নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন। নির্দিষ্ট দিন সকাল ৬টার মধ্যে র‍্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে। প্রয়োজনে ৩-৪ দিন র‍্যালিকেন্দ্রে থাকতে হতে পারে নিজের ব্যবস্থায়। উপযুক্ত প্রস্তুতি নিয়ে যাবেন।

যাবতীয় তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.joinindianarmy.nic.in

# স্কলারশিপের খোঁজখবর

### রমনকান্ত মুঞ্জল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

বি বি এ, বি এই আই এ, বি কম, বি এম এস, আই পি এম, বি এ (ইকনমিক্স), বি বি এস বা সমতুল বিষয়ের স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রমনকান্ত মুঞ্জল ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৮০ শতাংশ (প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ৪০,০০০-৫,৫০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ৩ বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/RKMSP6 আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

### কোটাক কন্যা স্কলারশিপ ২০২৬-২৭

স্বীকৃত প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, আর্কিটেকচার, ডিজাইনিং, ইন্টিগ্রেটেড ল-সহ অন্যান্য পেশাদারি বিষয়ের কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ এবং উপরোক্ত যে-কোনও কোর্সে ভর্তি হয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক দেড় লাখ টাকা। স্কলারশিপ শর্তসাপেক্ষে প্রতি বছর নবীকরণ করা হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/KKGS5 আবেদনের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর।

### টাটা ক্যাপিটাল পঙ্খ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

একাদশ, দ্বাদশ শ্রেণি, স্নাতক, পলিটেকনিক, ডিপ্লোমা এবং আই টি আই কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** ১৫,০০০-১৮,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TCPS37 আবেদনের শেষ তারিখ ২৬ অক্টোবর। *(তথ্য সহায়তা:* buddy4study*)*

# পরিবেশবান্ধব ব্যাগ উপার্জনের পথ খুলে দিচ্ছে

*প্রথম পাতার পর*

উৎসবে-পার্বণে নয়, সারা বছরই বাজারে ক্যারিব্যাগের চাহিদা যথেষ্ট।

### নন উভেন ব্যাগ

মেশিনে নন উভেন কাপড়ের রিল লাগিয়ে দেওয়ার পর কাপড় কাটা থেকে সেলাই, পুরো কাজ সম্পূর্ণ হয়ে ব্যাগ তৈরি হয়ে যায়। ছোট ব্যাগ এক মিনিটে ৫০টা থেকে ৬০টা তৈরি হয়। তবে, মেশিন স্বয়ংক্রিয় হলেও যখন সেটা চলবে তখন এক জনকে দাঁড়িয়ে নজর রাখতে হবে। কারণ অনেক সময় রোলের মধ্যে কাপড় কাটা থাকে, সেটা নজর না করলে জড়িয়ে যেতে পারে। কাপড় জড়িয়ে গেলে উৎপাদন বন্ধ হয়ে যাবে। অটোমেটিক নন উভেন কাপড়ের ব্যাগ তৈরির মেশিনের দাম পড়বে ১০ থেকে ১২ লক্ষ টাকা। ১ বছরের ওয়ারেন্টি থাকে।

### কাগজের ব্যাগ



প্লাস্টিকের বিকল্প হিসেবে কাগজের ব্যাগের চাহিদাও ক্রমশ ঊর্ধ্বমুখী। কাগজের ব্যাগ তৈরি হয় পাতলা, মোটা, বিভিন্ন ধরনের ব্রাউন পেপার বা শক্ত কাগজ দিয়ে। কাগজের ব্যাগ কোন কাজে ব্যবহৃত হবে তার উপর নির্ভর করে কোন কোয়ালিটির কাগজ লাগবে। ব্রেড, রোল, প্যাটিস ইত্যাদি খাবার দেওয়ার জন্য সাধারণত পাতলা ব্রাউন পেপার ব্যবহার করা হয়। আবার পোশাকের দোকান বা গ্রসারিতে জিনিস নেওয়ার জন্য একটু শক্তপোক্ত ব্যাগ প্রয়োজন। কাগজ বিভিন্ন রকম হতে পারে, কিন্তু তার জন্য বিভিন্ন ধরনের মেশিনের প্রয়োজন নেই। একই মেশিনে শুধুমাত্র কাগজের রিল লাগিয়ে দিলে পেপার কাটিং ও পেস্টিং হয়ে সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়। একজন কর্মীই পুরো কাজটা পরিচালনা করতে পারেন। কাগজের ব্যাগ তৈরির এই মেশিনের দাম ৫ থেকে ১০ লক্ষ টাকা।

### কর্ন-পটাটো স্টার্চ থেকে তৈরি ক্যারিব্যাগ

ভুট্টা ও আলুর স্টার্চের দানা থেকে মেশিনের মাধ্যমে প্রথমে তৈরি হয় রোল। সেই রোল থেকে তৈরি হয় এই ধরনের ব্যাগ। এই পদার্থটি একশো শতাংশ দ্রবণীয়। এই ব্যাগ তৈরির দু' ধরনের মেশিন পাওয়া যায়। সেমি অটোমেটিক মেশিন ও ফুল অটোমেটিক মেশিন। সেমি অটোমেটিক মেশিনে কর্ন ও পটাটো স্টার্চের দানার রেডিমেড রিল দিতে হবে। তার পরে সম্পূর্ণ ব্যাগ তৈরি হয়ে বেরিয়ে আসবে। প্রতি দিন ১০ ঘণ্টা মেশিন চললে সাড়ে তিনশো থেকে চারশো কেজি ব্যাগ তৈরি করা



সম্ভব। মেশিনের দাম ৭ লক্ষ টাকার মধ্যে। ফুল অটোমেটিক মেশিনের ক্ষেত্রে একটি মেশিনে কর্ন ও পটাটো স্টার্চ থেকে রিল তৈরি হয়ে সেই রিল থেকে ব্যাগ তৈরি হবে। এতে জায়গা বেশি লাগবে, প্রায় হাজার স্কোয়্যার ফুট মতো। তবে এক্ষেত্রে শুধু ব্যাগ নয়, রিলও বিক্রি করতে পারবেন। মেশিনের দাম সেমি অটোমেটিকের চেয়ে অনেকটাই বেশি, প্রায় ২০ লক্ষ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০০১৩, ফোন: ৯৯০৩৫-৮৭৪০০, ৯৪৩২৪-২২০৮৬।

### পাটের ব্যাগ

পাটের ব্যাগ যেমন পরিবেশবান্ধব, তেমনই টেকসই। পাট দিয়ে শিল্পীরা শৌখিন ও হালফ্যাশনের ব্যাগ তৈরি করছেন। অফিস থেকে অনুষ্ঠানবাড়ি, যে-কোনও জায়গায় নিয়ে যাওয়া যায় সেই পাটের ব্যাগ। সাধারণ পাটের ব্যাগের পাশাপাশি শৌখিন পাটের ব্যাগেও এখন বাজার ছেয়ে গেছে।

পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেওয়া হয় কেন্দ্রীয় সরকারের সংস্থা ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজিতে। প্রশিক্ষিতরা ক্লাস শেষে প্রত্যেকেই সার্টিফিকেট পান। সেই সার্টিফিকেট দেখিয়ে কেন্দ্রীয় বস্ত্রবয়ন মন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনারের (পূর্বাঞ্চল) অফিস থেকে আর্টিজান বা হস্তশিল্পী হিসেবে স্বীকৃতি কার্ড পাওয়া যায়। জেলা শিল্পকেন্দ্রগুলিতে আর্টিজান হিসেবে নাম নথিভুক্ত করতে এই কার্ড কাজে লাগে। এই কার্ড থাকলে ব্যাঙ্ক থেকে ঋণ পেতেও সুবিধে হয়। বছরের বিভিন্ন সময় এই সংস্থা প্রশিক্ষণ দিয়ে থাকে।



**যোগাযোগ:** ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ১২, রিজেন্ট পার্ক, কলকাতা-৭০০ ০৪০।

Since 1939
P. C. CHANDRA JEWELLERS
A jewel of jewels
85
WE'RE HIRING
JEWELLERY DESIGNER
LOCATION: KOLKATA
We are seeking a talented and experienced full-time Jewellery Designer to join our team.
As a Jewellery Designer, you will be responsible for crafting innovative and stunning jewellery designs that cater to the evolving tastes of our discerning patrons, with a focus on contemporary and unique designs.
REQUIREMENTS
2+ years of experience in jewellery design or a related field
Degree or diploma in jewellery design, fine arts, or a related field
Excellent drawing and rendering skills
Strong understanding of jewellery manufacturing processes and materials
Ability to work in a fast-paced environment and meet deadlines
Share your CV mentioning your current & expected salary at
recruitment@pcchandraindia.com
WE LOOK FORWARD TO HEARING FROM YOU!
pcchandraindia.com CONTACT: 9831607307

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in